



# পল্লী সমাজসেবা (RSS) কার্যক্রম বাস্তবায়ন নীতিমালা

তৃতীয় সংস্করণ

(IMPLEMENTATION MANUAL OF  
RURAL SOCIAL SERVICES PROGRAMME)  
THIRD EDITION

সমাজসেবা অধিদফতর  
সমাজকল্যাণ মন্ত্রণালয়



পল্লী সমাজসেবা (RSS) কার্যক্রম  
বাস্তবায়ন নীতিমালা

তৃতীয় সংস্করণ

(IMPLEMENTATION MANUAL OF  
RURAL SOCIAL SERVICES PROGRAMME)  
THIRD EDITION

প্রকাশকালঃ ১ম সংস্করণ ডিসেম্বর ১৯৮৯  
২য় সংস্করণ সেপ্টেম্বর ১৯৯২  
৩য় সংস্করণ ডিসেম্বর ২০১০

# বাণী

সমাজকল্যাণ মন্ত্রণালয়াধীন সমাজসেবা অধিদফতর পরিচালিত পল্লী সমাজসেবা (RSS) কার্যক্রম একটি গুরুত্বপূর্ণ দারিদ্র্য বিমোচন কর্মসূচি। দেশের পল্লী অঞ্চলে বসবাসরত দারিদ্র্য পীড়িত পশ্চাৎপদ, অবহেলিত, দুঃস্থ ও অসহায় এবং সুবিধাবঞ্চিত সকল শ্রেণীর লক্ষ্যভুক্ত জনগোষ্ঠীর আর্থ-সামাজিক উন্নয়ন এ কর্মসূচির মূল লক্ষ্য। স্বাধীনতা লাভের পর জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এ দেশের পল্লী অঞ্চলে বসবাসরত সুবিধা বঞ্চিত হতদরিদ্র জনগোষ্ঠিকে স্বনির্ভর ও আত্মপ্রত্যয়ী করার জন্য সর্বপ্রথম ১৯৭৪ সালে তৎকালীন ১৯ টি জেলার ১৯টি থানায় ‘পল্লী সমাজসেবা (RSS) কার্যক্রম’ চালু করেন যা প্রান্তিক লক্ষ্যভুক্ত জনগোষ্ঠীর কল্যাণে আজ দেশের সকল উপজেলায় বাস্তবায়িত হচ্ছে। কর্মসূচি সফলভাবে বাস্তবায়নের দীর্ঘ পথ পরিক্রমায় সমাজসেবা অধিদফতর পরিচালিত পল্লী সমাজসেবা (RSS) কার্যক্রমের সুদক্ষ ক্ষুদ্রঋণ দারিদ্র্য বিমোচন সেক্টরে উজ্জ্বল দৃষ্টান্ত স্থাপন করেছে।

যে কোন কার্যক্রমের সফল পরিচালনা ও বাস্তবায়নের জন্য প্রয়োজন সুনির্দিষ্ট দিক নির্দেশনা ও নীতিমালা। এ লক্ষ্যে পল্লী সমাজসেবা (RSS) কার্যক্রম বাস্তবায়ন নীতিমালা প্রথম সংস্করণ ১৯৮৯ সালে ও দ্বিতীয় সংস্করণ ১৯৯২ সালে প্রণয়ন করা হয়। বর্তমানে সময়ের ক্রমবিবর্তনে মাঠ পর্যায়ে অনুভূত চাহিদার ভিত্তিতে সমাজকল্যাণ মন্ত্রণালয় ও সমাজসেবা অধিদফতরের যৌথ সভায় গৃহিত সিদ্ধান্ত মোতাবেক বাস্তবতার নিরীখে প্রয়োজনীয় সংশোধনী আনয়নপূর্বক পল্লী সমাজসেবা (RSS) কার্যক্রম বাস্তবায়ন নীতিমালা ৩য় সংস্করণ প্রকাশ একটি প্রসংশনীয় উদ্যোগ।

আমার দৃঢ় বিশ্বাস পল্লী সমাজসেবা (RSS) কার্যক্রম বাস্তবায়ন নীতিমালা (৩য় সংস্করণ) কর্মসূচি বাস্তবায়ন সংশ্লিষ্ট সকল ক্ষেত্রে কার্যকর ও সঠিক নির্দেশনায় গুরুত্বপূর্ণ ভূমিকা রাখবে। ফলে পল্লী সমাজসেবা (RSS) কার্যক্রম বাস্তবায়ন আরো সুষ্ঠু এবং গতিশীল হবে।

পল্লী সমাজসেবা (RSS) কার্যক্রম বাস্তবায়ন নীতিমালা (৩য় সংস্করণ) প্রণয়নে সমাজকল্যাণ মন্ত্রণালয় এবং সমাজসেবা অধিদফতরের যে সকল কর্মকর্তা ও কর্মচারি তাঁদের একনিষ্ঠ উদ্যোগ, অক্লান্ত পরিশ্রম এবং সূচিন্তিত মতামত প্রদান করেছেন, তাদেরকে জানাই আন্তরিক ধন্যবাদ।

বাংলাদেশ সচিবালয়, ঢাকা।  
ডিসেম্বর, ২০১০

(কামরুন নেসা খানম)  
সচিব

সমাজকল্যাণ মন্ত্রণালয়  
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

# মুখবন্ধ

জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের প্রধানমন্ত্রী এবং পরিকল্পনা কমিশনের চেয়ারম্যান হিসেবে ১৯৭৩ সালে প্রথম পঞ্চবার্ষিকী (১৯৭৩-১৯৭৭) পরিকল্পনা প্রণয়ন করেন। প্রথম পঞ্চবার্ষিকী পরিকল্পনায় তিনি বাংলাদেশের আর্থ-সামাজিক উন্নয়ন তথা গ্রামীণ প্রান্তিক দরিদ্র জনগোষ্ঠীর অর্থনৈতিক মুক্তির উপর সবিশেষ গুরুত্বারোপ করেন। গ্রামীণ দরিদ্র জনগোষ্ঠীর অর্থনৈতিক স্বনির্ভরতা অর্জনের জন্য এবং বাংলাদেশের স্বাধীনতাপূর্ব অবহেলিত সমাজসেবা কার্যক্রমকে স্বাধীন দেশের উপযোগী, গতিশীল এবং প্রাণবন্ত করে তোলেন। এজন্য গ্রামোন্নয়ন কর্মসূচির আওতায় তিনি Pilot project for extended rural social upliftment প্রবর্তনের জন্য এ পঞ্চ-বার্ষিকী পরিকল্পনায় ৯০ (নববই) লক্ষ টাকার সংস্থান রাখেন।

এরই ধারাবাহিকতায় ১৯৭৪ সালের মার্চ মাসে দেশের তৎকালীন ১৯ টি জেলার ১৯ টি থানায় জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান Rural Social Services (RSS) বা পল্লী সমাজসেবা কার্যক্রম প্রবর্তন করেন। এ কার্যক্রমের মূল লক্ষ্য ছিল সুদমুক্ত ক্ষুদ্রঋণের মাধ্যমে পল্লী জনগোষ্ঠীর আর্থ-সামাজিক উন্নয়ন এবং ক্ষমতায়ন। বাংলাদেশের ইতিহাসে এ কার্যক্রমটি সুদমুক্ত ক্ষুদ্রঋণ কার্যক্রমের প্রধান পথিকৃৎ হিসেবে সুবিদিত এবং দেশে-বিদেশে ব্যাপক প্রশংসিত। বাংলাদেশে ১৯৭৩-৭৭ মেয়াদী এ প্রকল্পটি শতভাগ সাফল্য অর্জন করায় সরকার দেশের সকল উপজেলাকে এ কার্যক্রমের আওতায় আনে এবং রাজস্ব বাজেটে এ কর্মসূচিটি অন্তর্ভুক্ত করে।

দেশের দারিদ্র্য বিমোচনের জন্য সুদমুক্ত এবং জামানতহীন ক্ষুদ্রঋণ কর্মসূচি হিসেবে পল্লী সমাজসেবা কার্যক্রমকে সুষ্ঠু বাস্তবায়নের ১৯৮৯ সালে এর সুনির্দিষ্ট বাস্তবায়ন নীতিমালা প্রণয়ন করা হয়। ১৯৯২ সালে এর ২য় সংস্করণ প্রকাশ করা হয়। সময়ের বিবর্তনে এবং অনুভূত চাহিদার পরিপ্রেক্ষিতে সংশোধিত আকারে সমাজকল্যান মন্ত্রণালয়ের অনুমোদনক্রমে পুনরায় পল্লী সমাজসেবা কার্যক্রম বাস্তবায়ন নীতিমালা ৩য় সংস্করণ প্রকাশ করা হলো। এ নীতিমালা কর্মসূচি বাস্তবায়নে দিক-নির্দেশক হিসেবে কাজ করবে বলে আমি আশা রাখি। একইসাথে পল্লী সমাজসেবা কার্যক্রম বাস্তবায়ন নীতিমালাটি আগ্রহী পাঠক, গবেষক, নীতি-নির্ধারকদের জিজ্ঞাসা নিবৃত্ত করবে।

পরিশেষে নীতিমালা প্রণয়নের সাথে জড়িত সকল স্তরের কর্মকর্তা-কর্মচারীদের শ্রম, মেধা ও মননকে আমি কৃতজ্ঞতার সাথে স্মরণ করি। কর্মসূচি বাস্তবায়নের সাথে সংশ্লিষ্ট সকল কর্মকর্তা-কর্মচারী এ নীতিমালা অনুসরণ করে তাঁদের দায়িত্ব প্রতিপালন করলেই তাদের শ্রমের প্রতি পূর্ণ স্বীকৃতি প্রদান করা হবে বলে আমি বিশ্বাস করি।

ডিসেম্বর, ২০১০

(মোঃ মশিউর রহমান)

মহাপরিচালক

সমাজসেবা অধিদফতর

# সূচিপত্র

অনুচ্ছেদ	বিষয়	পৃষ্ঠা নম্বর
<b>অধ্যায়-১: কর্মসূচির পটভূমি, উদ্দেশ্য ও ব্যাপ্তি</b>		
১.১	পটভূমি	১
১.২	কর্মসূচির লক্ষ্য ও উদ্দেশ্য	১-২
১.৩	কর্মসূচির ব্যাপ্তি	২
<b>অধ্যায়-২ : কার্যক্রম বাস্তবায়ন কৌশল</b>		
২.১	কার্যক্রম বাস্তবায়ন কৌশল	৩
২.২	উপজেলা পল্লী সমাজসেবা কার্যক্রম বাস্তবায়ন কমিটি (ইউপিআইসি)	৩
২.৩	উপজেলা পল্লী সমাজসেবা কার্যক্রম বাস্তবায়ন কমিটি (ইউপিআইসি) এর দায়িত্ব	৪
২.৪	কার্য এলাকা নির্বাচন পদ্ধতি	৫
২.৫	লক্ষ্যভুক্ত পরিবার নির্বাচন পদ্ধতি	৫-৬
২.৬	লক্ষ্যভুক্ত পরিবার ও তার কার্যাবলী	৬-৭
২.৭	বিভিন্ন কর্মসূচির লক্ষ্যমাত্রা চিহ্নিতকরণ	৭-৮
২.৮	দলীয় সদস্য পদ প্রদান ও কর্মদল গঠন	৮
২.৯	কর্মদল গঠনের উদ্দেশ্য ও কার্যাবলী	৮-৯
২.১০	কর্মদলের সদস্যদের অধিকার ও দায়িত্ব	৯
২.১১	কর্মদলের ভূমিকা	৯
২.১২	কর্মদল পরিচালনার নিয়মাবলী	১০
২.১৩	দলের সদস্যপদ বাতিল ও নতুন সদস্যপদ প্রদান	১০
২.১৪	দলনেতা/সহকারী দলনেতার মেয়াদকাল, কর্তব্য ও ভূমিকা	১০-১১
২.১৫	দলীয় সঞ্চয়	১১-১২
২.১৬	দলীয় সঞ্চয় সংরক্ষণ ও ব্যবহার	১২-১৩
২.১৭	সমাজসেবা গ্রাম কমিটি	১৩-১৪
২.১৮	গ্রাম কমিটি পুনর্গঠন	১৪
২.১৯	গ্রাম কমিটির সদস্যদের যোগ্যতা, সদস্য পদ বাতিলের শর্তাবলী ও সদস্যপদ পুনর্বহাল	১৪-১৪
২.২০	গ্রাম কমিটির কর্মকর্তা/সদস্যদের দায়িত্ব ও কর্তব্য	১৫-১৬
২.২১	গ্রাম কমিটির কর্মপরিধি ও মেয়াদকাল	১৭
২.২২	সমাজসেবা গণমিলনায়তন কেন্দ্র নির্মাণ, রক্ষণাবেক্ষণ ও মেরামত	১৭-১৮
২.২৩	সমাজসেবা গণমিলনায়তন কেন্দ্র ব্যবহার	১৮

অনুচ্ছেদ	বিষয়	পৃষ্ঠা নম্বর
<b>অধ্যায়-৩: কার্যক্রমের আওতাভুক্ত বিভিন্ন কর্মসূচি বাস্তবায়ন</b>		
৩.১	কার্যক্রমে নিয়োজিত কর্মকর্তা, মাঠকর্মী, কর্মদল এবং গ্রাম কমিটির সদস্যদের প্রশিক্ষণ	১৯
৩.২	আর্থ সামাজিক স্কীম (ক্ষুদ্র ঋণ কার্যক্রম) বাস্তবায়ন	১৯
৩.৩	আর্থ-সামাজিক স্কীমের জন্য পরিবার বাছাই	২০
৩.৪	স্কীম অনুমোদন ও ঋণ বিতরণ	২০-২১
৩.৫	ঘূর্ণায়মান তহবিলের হিসাব সংরক্ষণ ও বিনিয়োগ	২১
৩.৬	স্কীম/ঋণ গ্রহিতা পরিবারের অগ্রগতি ও পুনঃস্কীম প্রদান	২১
৩.৭	মূলধন/কিস্তি পরিশোধ	২২-২৩
৩.৮	ঘূর্ণায়মান তহবিল পুনঃবিনিয়োগ	২৩-২৪
৩.৯	সার্ভিস চার্জ ব্যবহার	২৪
৩.১০	ব্যাংক সুদ ব্যবহার	২৪-২৫
৩.১১	শ্রেষ্ঠ কর্মকর্তা, কর্মী, শ্রেষ্ঠ পরিবার, শ্রেষ্ঠ কর্মদল, শ্রেষ্ঠ গ্রাম কমিটিকে পুরস্কার প্রদান	২৫-২৬
৩.১২	মূল তহবিল স্থানান্তর ও গ্রাম তহবিল গঠন	২৬
<b>অধ্যায়-৪: সামাজিক কার্যক্রম (কর্মদল ও গ্রাম কমিটি কর্তৃক বাস্তবায়িত)</b>		
৪.১	সামাজিক কার্যক্রম	২৭
৪.২	দক্ষতা উন্নয়ন কর্মসূচি	২৭
৪.৩	কারিগরী প্রশিক্ষণ	২৭
৪.৪	স্বাস্থ্য সম্মত পায়খানা স্থাপন	২৭
৪.৫	নলকূপ স্থাপন	২৭
৪.৬	সামাজিক বনায়ন	২৮
৪.৭	খেলাধুলা ও চিত্তবিনোদন	২৮
৪.৮	পরিবার পরিকল্পনা সেবা/ উদ্ভুদ্ধকরণ	২৮
৪.৯	পরিবার পরিকল্পনা সমগ্রী বিতরণ	২৮
৪.১০	মা ও শিশু স্বাস্থ্য পরিচর্যা	২৮
৪.১১	শিশু ও মহিলাদের টিকাদান	২৮
<b>অধ্যায়-৫: মাঠ পর্যায়ে কর্মরত কর্মচারী এবং কর্মকর্তার দায়িত্ব ও কর্তব্য</b>		
৫.১	কারিগরী প্রশিক্ষকের দায়িত্ব ও কর্তব্য	২৯
৫.২	ইউনিয়ন সমাজকর্মীর দায়িত্ব ও কর্তব্য	২৯-৩১
৫.৩	ফিল্ড সুপারভাইজারের দায়িত্ব ও কর্তব্য	৩১-৩২
৫.৪	উপজেলা সমাজসেবা কর্মকর্তার দায়িত্ব ও কর্তব্য	৩২-৩৩
৫.৫	সহকারী পরিচালক, জেলা সমাজসেবা কার্যালয় এর দায়িত্ব ও কর্তব্য	৩৩
৫.৬	উপ-পরিচালক, জেলা সমাজসেবা কার্যালয় এর দায়িত্ব ও কর্তব্য	৩৪



অনুচ্ছেদ	বিষয়	পৃষ্ঠা নম্বর
অধ্যায়-৬: তত্ত্বাবধান ও পরিবীক্ষণ (সুপারভিশন ও মনিটরিং)		
৬.১	মাঠ পরিদর্শন	৩৫
৬.২	রেকর্ড পত্র সংরক্ষণ ও হালনাগাদ করণ	৩৫
৬.৩	প্রতিবেদন তৈরী ও প্রেরণ	৩৫
৬.৪	মূল্যায়ন ও মনিটরিং ব্যবস্থাপনা	৩৬-৩৭

### প্রয়োজনীয় ফরম

ফরম	বিষয়	পৃষ্ঠা নং
০০১	পরিবার জরীপ ফরম	৩৯-৪০
০০২	স্কীম (সুদমুক্ত ক্ষুদ্রঋণ) প্রাপ্তির আবেদন পত্র	৪১-৪২
০০৩	স্কীম (সুদমুক্ত ক্ষুদ্রঋণ) গ্রহণের চুক্তিপত্র	৪৩-৪৪
০০৪	পুঁজি (মূলধন) বিতরণ ও কিস্তি আদায় রেজিস্টার	৪৫-৪৭
০০৫	কিস্তি আদায় রশিদ	৪৮
০০৬	দলীয় সঞ্চয় পাস বহি (সদস্য ভিত্তিক)	৪৯-৫১
০০৭	দলীয় সঞ্চয় রেজিস্টার (দল ভিত্তিক)	৫২-৫৪
০০৮	ক্যাশ বহি কেন্দ্রীয় হিসাব (খাতভিত্তিক প্রারম্ভিক মূলধন)	৫৫-৫৭
০০৯	ক্যাশ বহি প্রারম্ভিক মূলধন বিনিয়োগ ও পুনঃবিনিয়োগ (গ্রামভিত্তিক)	৫৮-৬০
০১০	ক্যাশ বহি কেন্দ্রীয় ব্যাংক সুদ হিসাব	৬১-৬৩
০১১	ক্যাশ বহি সার্ভিস চার্জ বিনিয়োগ ও পুনঃবিনিয়োগ হিসাব (গ্রামভিত্তিক)	৬৪-৬৬
০১২	ক্যাশ বহি ব্যাংক সুদ বিনিয়োগ ও পুনঃবিনিয়োগ (গ্রামভিত্তিক)	৬৭-৬৯
০১৩	ক্যাশ বহি দলীয় সঞ্চয় হিসাব (দল ভিত্তিক)	৭০-৭২
০১৪	দলীয় সদস্যদের বার্ষিক ব্যক্তিগত সঞ্চয় রেজিস্টার	৭৩-৭৪
০১৫	ব্যাংক হিসাব ইনডেস্ক রেজিস্টার	৭৫-৭৬



## অধ্যায়-১: কর্মসূচির পটভূমি, উদ্দেশ্য ও ব্যাপ্তি

### ১.১ পটভূমি

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের স্বাধীনতা লাভের পর জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান বাংলাদেশের জনগণের অর্থনৈতিক মুক্তির যে দৃষ্ট অঙ্গীকার ব্যক্ত করেন তারই ধারাবাহিকতায় সমাজসেবা অধিদফতরের শহরকেন্দ্রিক কর্মকান্ডকে গ্রামীণ এলাকায় সম্প্রসারণ করার মানসে প্রবর্তন করেন পল্লী সমাজসেবা (RSS) কার্যক্রম, জাতীয় জনসংখ্যা কার্যক্রমে পল্লী মাতৃকেন্দ্র (RMC) এর ব্যবহার প্রকল্প এবং শহর সমাজসেবা কার্যক্রম জোরদার করা হয়। পরবর্তীকালে এ কার্যক্রমের সাথে যুক্ত হয় এসিডদগ্ধ ও প্রতিবন্ধী ব্যক্তিদের জন্য বিশেষ ক্ষুদ্রঋণ কর্মসূচি অর্থাৎ এসিডদগ্ধ ও প্রতিবন্ধী ব্যক্তিদের পুনর্বাসন কার্যক্রম। জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান কর্তৃক প্রবর্তিত এ সকল সুদমুক্ত ক্ষুদ্রঋণ কার্যক্রমের ফলে বাংলাদেশে ক্ষুদ্রঋণ কার্যক্রমের সুতিকাগার এবং পথিকৃৎ হিসেবে বাংলাদেশের প্রান্তিক জনগোষ্ঠীর অর্থনৈতিক মুক্তির ক্ষেত্রে সূচনা করে এক নতুন ও বর্ণিল ইতিহাস। জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান কর্তৃক বাংলাদেশের হতদরিদ্র, সুবিধাবঞ্চিত মানুষের কল্যাণে প্রবর্তিত এবং সমাজকল্যাণ মন্ত্রণালয়স্বাধীন সমাজসেবা অধিদফতরের মাধ্যমে বাস্তবায়িত এ সকল সুদমুক্ত ক্ষুদ্রঋণ কর্মসূচি পরবর্তীতে বিভিন্ন সংস্থার মাধ্যমে দ্রুত প্রসার লাভ করে দেশে বিদেশে বাংলাদেশকে ক্ষুদ্র ঋণ কার্যক্রমের পাদপীঠ হিসেবে ব্যাপক পরিচিতি প্রদান করে। ২০১০ সাল পর্যন্ত সমাজসেবা অধিদফতরের পল্লী সমাজসেবা (RSS) কার্যক্রমের আওতায় উপকৃতের সংখ্যা প্রায় ২৯ লক্ষ। আর্থ-সামাজিক জরিপের মাধ্যমে পল্লী এলাকায় বসবাসরত দারিদ্রসীমার নীচের জনগোষ্ঠীকে চিহ্নিত ও সংগঠিত করে স্থানীয় চাহিদার ভিত্তিতে সুদমুক্ত ক্ষুদ্রঋণের মাধ্যমে বিভিন্ন আয়বর্ধক কাজে কর্মসংস্থানের ব্যবস্থা করা হয়েছে।

সমাজসেবা অধিদফতর ১৯৭৪ সালে পরীক্ষামূলকভাবে তৎকালীন ১৯টি থানায় ‘পল্লী সমাজসেবা কার্যক্রম’ যাত্রা শুরু করে। এর সফলতার আলোকে ১৯৭৭ সালে আরো ২১ টি থানায় এ কার্যক্রম সম্প্রসারণ করা হয়। পরবর্তীতে সম্প্রসারিত পল্লী সমাজসেবা কার্যক্রম ২য় পর্ব (১৯৮০-৮৭) ১০৩টি উপজেলায়, ৩য় পর্ব (১৯৮৭-৯২) ১২০টি উপজেলায়, ৪র্থ পর্ব (১৯৯২-৯৫) ৮১ টি উপজেলা, ৫ম পর্ব (১৯৯৫-২০০২) ১১৯ টি উপজেলা এবং ৬ষ্ঠ পর্ব (২০০৪-০৭) ৪৭০টি উপজেলায় বাস্তবায়ন করা হয়। এ দীর্ঘ সময়ের পথ পরিক্রমায় ইউএম, ইউনিসেফ ইত্যাদি আন্তর্জাতিক সংস্থা আর্থিক ও কারিগরি সহায়তা প্রদানের মাধ্যমে পল্লী সমাজসেবা কার্যক্রম বাস্তবায়নে উন্নয়ন সহযোগী হিসেবে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করেছে। এ কার্যক্রমের মাধ্যমে গ্রামের ভূমিহীন, বিত্তহীন, বেকার ও অদক্ষ জনগোষ্ঠীকে একটি সমন্বিত প্রক্রিয়ায় অর্থনৈতিক ও সামাজিক উন্নয়নের দৃঢ় প্রচেষ্টা অব্যাহত রয়েছে। কর্মসূচির সূষ্ঠা ও সফল বাস্তবায়নের লক্ষ্যে ১৯৮৯ সালে একটি বাস্তবায়ন নীতিমালা প্রণয়ন করা হয় এবং ১৯৯২ সালে সংশোধিত আকারে পুনঃ প্রকাশ করা হয়।

দ্রুত সামাজিক পরিবর্তনের সাথে সাথে পরিবর্তিত হচ্ছে সমস্যা ও চাহিদার ধরন। ফলে প্রয়োজন হচ্ছে সমস্যা সমাধান ও কর্মসূচি বাস্তবায়নের নবতর কৌশল উদ্ভাবন। এক্ষেত্রে পল্লী সমাজসেবা কার্যক্রম পরিচালনার বিভিন্ন দিক পর্যালোচনা করে পরিবর্তিত পরিস্থিতিতে কর্মসূচি বাস্তবায়ন কৌশল নিরূপণ করে পল্লী সমাজসেবা কার্যক্রম বাস্তবায়নের জন্য সংশোধিত নীতিমালা প্রণয়ন করা হল।

### ১.২ কর্মসূচীর লক্ষ্য ও উদ্দেশ্য

১. পল্লী অঞ্চলে বসবাসরত ভূমিহীন দরিদ্র কৃষক, বেকার যুবক, যুব-মহিলা, শ্রমিক, দুঃস্থ মহিলা, সকল ধরনের প্রতিবন্ধী ও সংশোধনোত্তর/সাজামুক্ত ব্যক্তি তথা দরিদ্র সীমার নীচে বসবাসরত জনগোষ্ঠীর আর্থ-সামাজিক উন্নয়ন সাধন।
২. পল্লীর দরিদ্র জনগণের মধ্যে সামাজিক সচেতনতা সৃষ্টি করা এবং তাদের সুসংগঠিত ও একতাবদ্ধভাবে দেশের সকল প্রকার উন্নয়ন কর্মসূচীতে অংশগ্রহণ নিশ্চিত করার জন্য কর্মদল গঠন করা।
৩. দলীয় সদস্যদের সঞ্চয়ী মনোভাব গড়ে তোলা এবং সঞ্চয় সৃষ্টির মাধ্যমে লক্ষ্যভুক্ত জনগোষ্ঠীর নিজস্ব তহবিল গঠনপূর্বক তাদেরকে স্বাবলম্বী হতে সহযোগিতা করা।

৪. লক্ষ্যভুক্ত জনগোষ্ঠীর জন্য অনানুষ্ঠানিক শিক্ষা, প্রাথমিক স্বাস্থ্য, পুষ্টি, মা ও শিশু যত্ন, স্বাস্থ্য সম্মত পায়খানা, বিশুদ্ধ/নিরাপদ পানি পান ও ব্যবহার, জনসংখ্যা নিয়ন্ত্রণ, সামাজিক বনায়ন, সাক্ষরতা, খেলাধুলা ও চিত্তবিনোদন ইত্যাদি কার্যক্রমে সম্পৃক্ত করণের মাধ্যমে তাদের জীবনমান উন্নয়ন।
৫. সুদক্ষ ক্ষুদ্র পুঁজি প্রদানের মাধ্যমে দরিদ্র জনগোষ্ঠীকে উৎপাদনমূলক ও আয়বর্ধক কর্মসূচিতে সম্পৃক্ত করে অর্থনৈতিক উন্নয়ন সাধন।
৬. বিনিয়োগকৃত ঘূর্ণায়মান তহবিল হতে প্রাপ্ত সার্ভিস চার্জ দ্বারা কার্যক্রমভুক্ত গ্রামের নিজস্ব পুঁজি/গ্রাম তহবিল গঠন।
৭. সঞ্চয়ের মাধ্যমে নিজস্ব পুঁজি দ্বারা কার্যক্রম পরিচালনা করার লক্ষ্যে লক্ষ্যভুক্ত জনগোষ্ঠীকে দক্ষ জনশক্তি হিসেবে গড়ে তোলা।
৮. দারিদ্র্যসীমার উর্ধ্বে বসবাসরত জনগোষ্ঠীর মধ্যেও সামাজিক চেতনার বিকাশ সাধনের জন্য সকল উন্নয়ন কর্মকান্ডে তাদেরকে সম্পৃক্ত করা।
৯. কারিগরি/বৃত্তিমূলক প্রশিক্ষণ প্রদানের মাধ্যমে লক্ষ্যভুক্ত জনগোষ্ঠীর কর্মসংস্থান ও অদক্ষ জনশক্তিকে দক্ষ জনশক্তিতে পরিণত করা।
১০. পারিবারিক ও সামাজিক বন্ধন দৃঢ়করণ, বাল্য বিবাহ ও বহু বিবাহ নিরুৎসাহিতকরণ, যৌতুক প্রথা রোধকরণ এবং মহিলাদের সকল উন্নয়ন কর্মকান্ডে অংশগ্রহণ ও ক্ষমতায়নে উদ্বুদ্ধকরণ।
১১. এসিড নিষ্ক্ষেপের ভয়াবহতা সম্পর্কে সচেতনতা সৃষ্টি এবং তা রোধকল্পে কার্যকর ব্যবস্থা গ্রহণ।
১২. শিশু-কিশোরদের খেলাধুলা ও চিত্তবিনোদনের মাধ্যমে তাদের সৃষ্টি মানসিকতার বিকাশ এবং অপরাধ প্রবণতা রোধে জনসচেতনতা সৃষ্টিসহ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ। প্রতিটি শিশুর জন্মনিবন্ধন করণে উদ্বুদ্ধকরণ।
১৩. নারী ও শিশু পাচার রোধে জনগোষ্ঠীকে সচেতন করে তোলা।
১৪. শিশু ও কিশোর বয়সে শিশু-কিশোরেরা যাতে অনৈতিক ও অসামাজিক কাজে জড়িয়ে না পড়ে সে জন্য নৈতিক, পারিবারিক ও সামাজিক মূল্যবোধ বিষয়ে সচেতনতা সৃষ্টি করা এবং সরকারী/বেসরকারী আশ্রয় কেন্দ্র হতে অব্যাহতিপ্রাপ্ত কিশোর অপরাধীদেরকে পরিবারিক পর্যায়ে সামাজিকভাবে পুনর্বাসনে সহায়তা প্রদান করা।
১৫. প্রাকৃতিক দুর্যোগে ক্ষতিগ্রস্ত ব্যক্তিদের জন্য স্থানীয় প্রশাসনের সাথে সমন্বয় রেখে ত্রাণ তৎপরতা পরিচালনা ও পুনর্বাসন কার্যক্রম গ্রহণ।
১৬. প্রবীণ ব্যক্তিদের প্রতি সম্মান ও শ্রদ্ধাবোধ প্রদর্শনের বিষয়ে সামাজিক সচেতনতা সৃষ্টির মাধ্যমে পরিবার তথা সামাজিক বন্ধনকে সুদৃঢ় করা।

### ১.৩ কর্মসূচির ব্যাপ্তি

সমাজসেবা অধিদফতর বাংলাদেশের সকল উপজেলায় ‘পল্লী সমাজসেবা কার্যক্রম’ এর আওতায় দরিদ্র জনগোষ্ঠীর আর্থ-সামাজিক উন্নয়নের লক্ষ্যে একটি সমন্বিত কার্যক্রম পরিচালনা করছে। প্রতিটি উপজেলায় কার্যক্রমভুক্ত গ্রামে আর্থ-সামাজিক জরিপের মাধ্যমে লক্ষ্যভুক্ত জনগোষ্ঠী (দরিদ্র, ভূমিহীন, বিত্তহীন, বেকার, এতিম, বিধবা, প্রতিবন্ধী, সংশোধনোত্তর/সাজামুক্ত ব্যক্তি বিদ্যালয়ে গমন বয়সী শিশু-কিশোর ও প্রবীণ ব্যক্তিগণ) চিহ্নিতকরণ, কর্মদল ও গ্রাম কমিটি গঠনের মাধ্যমে তৃণমূল পর্যায়ে স্থানীয় সমস্যা, চাহিদা, সম্পদ ইত্যাদি নিরূপনপূর্বক স্থানীয় চাহিদানুপাতে আর্থ-সামাজিক উন্নয়নের লক্ষ্যে কর্মসূচি গ্রহণ এবং বাস্তবায়ন করা হয়।

## অধ্যায়-২: কার্যক্রম বাস্তবায়ন কৌশল

২.১ পল্লী সমাজসেবা (RSS) কার্যক্রম সুষ্ঠু ও সফল বাস্তবায়নের জন্য প্রতিটি উপজেলায় “উপজেলা পল্লী সমাজসেবা কার্যক্রম বাস্তবায়ন কমিটি” (ইউপিআইসি) নামে একটি কমিটি গঠন করতে হবে। কমিটির রূপরেখা নিম্নরূপঃ

### ২.২ উপজেলা পল্লী সমাজসেবা কার্যক্রম বাস্তবায়ন কমিটি (ইউপিআইসি):

উপজেলা পর্যায়ে ১৬ (ষোল) জন সদস্য সমন্বয়ে পল্লী সমাজসেবা কার্যক্রম বাস্তবায়ন কমিটি গঠিত হবে।

০১। উপজেলা নির্বাহী কর্মকর্তা	সভাপতি
০২। উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা	সদস্য
০৩। উপজেলা কৃষি কর্মকর্তা	সদস্য
০৪। উপজেলা প্রাণী সম্পদ কর্মকর্তা	সদস্য
০৫। উপজেলা মৎস কর্মকর্তা	সদস্য
০৬। উপজেলা প্রকৌশলী	সদস্য
০৭। উপজেলা শিক্ষা কর্মকর্তা	সদস্য
০৮। উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা	সদস্য
০৯। উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা	সদস্য
১০। উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা	সদস্য
১১। থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা	সদস্য
১২। উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা	সদস্য
১৩। উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা	সদস্য
১৪। উপজেলা সমবায় কর্মকর্তা	সদস্য
১৫। উপ-সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য)	সদস্য
১৬। উপজেলা সমাজসেবা কর্মকর্তা	সদস্য-সচিব

ন্যূনতম ৭ জন সদস্যের উপস্থিতিতে সভার কোরাম পূর্ণ হবে।

## ২.৩ উপজেলা পল্লী সমাজসেবা কার্যক্রম বাস্তবায়ন কমিটি (ইউপিআইসি) এর দায়িত্ব

১. উপজেলায় পল্লী সমাজসেবা কর্মসূচি প্রণয়ন ও বাস্তবায়নে উপজেলা সমাজসেবা কর্মকর্তাকে প্রয়োজনীয় পরামর্শ ও সহযোগিতা প্রদান করা।
২. প্রতি ৪ মাসে কমপক্ষে একবার সভার মাধ্যমে কর্মসূচির যাবতীয় দিক পর্যালোচনা এবং উপজেলা সমাজসেবা কর্মকর্তাকে প্রয়োজনীয় পরামর্শ ও সহায়তা প্রদান করা।
৩. সমাজসেবা গ্রাম কমিটি হতে প্রাপ্ত স্কীমসমূহ পর্যালোচনাপূর্বক বাছাই ও চূড়ান্ত অনুমোদন প্রদান। এ কমিটির অনুমোদন ব্যতীত কোন স্কীম বাস্তবায়ন করা যাবে না।
৪. স্কীম অনুমোদনকালে বাস্তবায়ন নীতিমালায় বর্ণিত আর্থ-সামাজিক স্কীমের জন্য পরিবার বাছাই, স্কীমের বাস্তবতা যাচাই, পুঁজি বিনিয়োগ, কিস্তি পরিশোধ পদ্ধতি ইত্যাদি গুরুত্বপূর্ণ বিষয়গুলি পরীক্ষা করা।
৫. প্রস্তাবিত স্কীম চূড়ান্ত অনুমোদনের পর ঋণের অর্থ বিতরণ, আদায় এবং শর্তানুযায়ী অন্যান্য সামাজিক কার্যক্রম বাস্তবায়নে সহায়তা প্রদান করা।
৬. স্কীম চূড়ান্ত অনুমোদনের ২ (দুই) সপ্তাহের মধ্যে সংশ্লিষ্ট স্কীম গ্রহীতাদের মধ্যে আনুষ্ঠানিক/ অনানুষ্ঠানিকভাবে ঋণের নগদ অর্থ বিতরণ করা।
৭. ঋণের কিস্তি আদায়ে সমস্যা দেখা দিলে অনাদায়ী অর্থ আদায়ের জন্য প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করা।
৮. উপজেলা পল্লী সমাজসেবা কার্যক্রম বাস্তবায়ন কমিটি (ইউপিআইসি) এর অনুমোদনক্রমে থানার ভারপ্রাপ্ত কর্মকর্তার সহযোগিতায় অনাদায়ী ঋণের অর্থ আদায়ের ব্যবস্থা গ্রহণ করা।
৯. উপজেলা নির্বাহী কর্মকর্তা কর্তৃক চূড়ান্ত নোটিশ জারীকরণের মাধ্যমে সমন্বিত উদ্যোগে অনাদায়ী ঋণের অর্থ আদায়ের পদক্ষেপ গ্রহণ।
১০. সমাজসেবা অধিদফতর কর্তৃক অনুমোদিত নকশা অনুযায়ী গণমিলনায়তন কেন্দ্র (পাকা/আধা পাকা) নির্মাণ এবং মেরামত কাজ তদারকির ব্যাপারে দায়িত্ব পালন। প্রয়োজনবোধে গণমিলনায়তন কেন্দ্র নির্মাণ/মেরামত কাজ তদারকির জন্য সাব-কমিটি গঠন এবং গণমিলনায়তনের সঠিক ব্যবহার নিশ্চিতকরণ।
১১. সভার সিদ্ধান্তাবলী কার্যবিবরণী বহিতে লিপিবদ্ধকরণ ও পরবর্তী সভায় দৃষ্টিকরণ ও অনুমোদন প্রদানসহ সভাপতির সাক্ষরকরণ।
১২. পল্লী সমাজসেবা কার্যক্রমের প্রশিক্ষণ, সভা, কর্মশালা পরিচালনা, ভবন মেরামত, সামাজিক সমস্যা ও সমাধান বিষয়ে উদ্বুদ্ধকরণ এবং প্রকাশনাসহ অন্যান্য সমাজসেবা কার্যক্রম বাস্তবায়নের জন্য উপজেলা পরিষদের স্বাস্থ্য ও সমাজকল্যাণ খাত হতে আনুপাতিক হারে অর্থ বরাদ্দের ব্যবস্থা করা। নিয়মিত পরিদর্শনের মাধ্যমে উপকৃত পরিবারের সংখ্যা নিরূপণ ও কর্মসূচির মূল্যায়ন করা।
১৩. কার্যক্রমভুক্ত গ্রামের সকল লক্ষ্যভুক্ত পরিবার আর্থ-সামাজিক স্কীমের আওতাভুক্ত হলে অর্জিত সার্ভিস চার্জ ও দলীয় সঞ্চয়ের পরিমাণ গ্রামের ক্ষুদ্রঋণ বাস্তবায়নের ক্ষেত্রে পর্যাপ্ত বিবেচিত হলে আনুষ্ঠানিকভাবে উক্ত গ্রামকে স্বয়ংসম্পূর্ণ/ আত্মনির্ভরশীল ঘোষণা করা এবং সার্ভিস চার্জের অর্থে আয়বর্ধক কার্যক্রম পরিচালনা করা। তবে এ বিষয়ে অধিদফতরের অনুমোদন গ্রহণ করতে হবে।
১৪. কার্যক্রম বাস্তবায়ন কমিটি কর্তৃক অনুমোদিত স্কীমের তালিকা (রেজুলেশন খাতার অনুরূপ) তে কমিটির সভাপতি ও সদস্য-সচিব যৌথভাবে স্বাক্ষর করবেন।
১৫. শ্রেষ্ঠ গ্রাম কমিটি, শ্রেষ্ঠ ঋণ গ্রহীতা/শ্রেষ্ঠ পরিবার এবং শ্রেষ্ঠ কর্মদল নির্বাচনপূর্বক পুরস্কার প্রদানের ব্যবস্থা করা।
১৬. শ্রেষ্ঠ মাঠ কর্মী (ফিল্ড সুপারভাইজার, ইউনিয়ন সমাজকর্মী ও কারিগরী প্রশিক্ষক) নির্বাচনপূর্বক পুরস্কারের ব্যবস্থা করা।

## ২.৪ কার্যএলাকা নির্বাচন পদ্ধতি

### ইউনিয়ন ও গ্রাম নির্বাচন পদ্ধতি

১. নিম্নলিখিত শর্তাবলী পূরণ সাপেক্ষে পল্লী সমাজসেবা কর্মসূচি বাস্তবায়নের জন্য বরাদ্দ অনুপাতে প্রয়োজনীয় সংখ্যক ইউনিয়ন ও গ্রাম নির্বাচন করতে হবে।
২. তুলনামূলকভাবে অনুন্নত ও আর্থ-সামাজিকভাবে পিছিয়ে পড়া এলাকাকে গ্রাম নির্বাচনের ক্ষেত্রে অগ্রাধিকার প্রদান করতে হবে।
৩. যে সমস্ত গ্রামে সরকারী অথবা বেসরকারী পর্যায়ে কোন দারিদ্র্য বিমোচন কর্মসূচি নেই কিংবা তুলনামূলকভাবে কম ঐ সকল গ্রামকে নির্বাচনের ক্ষেত্রে অগ্রাধিকার প্রদান করতে হবে।
৪. কার্যক্রমভুক্ত গ্রামসমূহ পাশাপাশি হওয়া বাঞ্ছনীয়। কার্যক্রমভুক্ত গ্রামে যে সকল লক্ষ্যভুক্ত ব্যক্তি বিভিন্ন সরকারী, বেসরকারী সংস্থার ঋণ বা অন্যান্য সহায়তা পাননি তাদেরকে এ কার্যক্রমের অগ্রাধিকার ভিত্তিতে অন্তর্ভুক্ত করতে হবে। কার্যক্রমভুক্ত গ্রামে সমাজসেবা অধিদফতরের সাইন বোর্ড স্থাপন করতে হবে।
৫. সমাজসেবা অধিদফতরের রাজস্ব ও উন্নয়ন এবং অন্যান্য সংস্থার সাহায্যপুষ্ট কার্যক্রম পরিচালনার জন্য পৃথক গ্রাম নির্বাচন করতে হবে।
৬. ইউনিয়ন ও গ্রাম নির্বাচনের ব্যাপারে উপজেলা সমাজসেবা কর্মকর্তা, ফিল্ড সুপারভাইজার ও সংশ্লিষ্ট ইউনিয়ন সমাজকর্মী পর্যবেক্ষণমূলক জরিপ করে প্রাথমিকভাবে ইউনিয়ন ও গ্রাম নির্বাচন করবেন। অতঃপর উপজেলা পল্লী সমাজসেবা কার্যক্রম বাস্তবায়ন কমিটি (ইউপিআইসি) এর সভায় ইউনিয়ন/গ্রাম চূড়ান্তভাবে নির্বাচিত হবে। উদ্ভূত কোন সমস্যা স্থানীয়ভাবে সমাধান সম্ভব না হলে সিদ্ধান্তের জন্য জেলার উপ-পরিচালকের নিকট প্রেরণ করতে হবে। উপ-পরিচালকের পক্ষে সমস্যা সমাধান সম্ভব না হলে সিদ্ধান্তের জন্য তা অধিদফতরের সদর কার্যালয়ে প্রেরণ করতে হবে।

## ২.৫ লক্ষ্যভুক্ত পরিবার নির্বাচন পদ্ধতি

১. গ্রাম নির্বাচনের পর লক্ষ্যভুক্ত পরিবার চিহ্নিত করার জন্য নির্ধারিত 'পরিবার জরিপ ফরম' এ প্রতিটি পরিবার হতে তথ্য সংগ্রহ করতে হবে (নমুনা ছক সংযোজিত)।
২. প্রতিটি গ্রামের 'পরিবার জরিপ ফরম' পৃথক পৃথক ফাইলে সংরক্ষণ করতে হবে।
৩. পরিবার জরিপে প্রাপ্ত তথ্য অনুযায়ী পরিবারের বার্ষিক গড় আয়ের ভিত্তিতে ৩টি শ্রেণীতে বিভক্ত করতে হবে।
  - ৩.১ পরিবারের বার্ষিক গড় আয় ৫০০০/- টাকা পর্যন্ত (দরিদ্রতম)- 'ক' শ্রেণী
  - ৩.২ পরিবারের বার্ষিক গড় আয় ৫০০০১/- টাকা হইতে ৬০০০০/- টাকা পর্যন্ত (দরিদ্র)- 'খ' শ্রেণী
  - ৩.৩ পরিবারের বার্ষিক গড় আয় ৬০০০১/- টাকার উর্ধ্বে (ধনী/দারিদ্র্য সীমার উর্ধ্বে)- 'গ' শ্রেণীভবিষ্যতে মুদ্রাস্ফীতির হার বৃদ্ধি পেলে মুদ্রাস্ফীতির হারের সাথে সামঞ্জস্য রেখে সরকার কর্তৃক দারিদ্র্যসীমা পুনঃনির্ধারণ করা যাবে।
৪. জরিপের মাধ্যমে প্রাপ্ত তথ্যের ভিত্তিতে চিহ্নিত 'ক', 'খ' ও 'গ' শ্রেণীভুক্ত পরিবারের পৃথক পৃথক তালিকা সংশ্লিষ্ট 'গ্রাম জরিপ রেজিস্টার' এ লিপিবদ্ধ করতে হবে। কাজের সুবিধার্থে ১টি রেজিস্টার সংশ্লিষ্ট ইউনিয়ন সমাজকর্মী/কারিগরী প্রশিক্ষকের নিকট এবং অনুরূপ একটি তালিকা উপজেলা সমাজসেবা কার্যালয়ে সংরক্ষিত থাকবে। নতুন জরিপের ক্ষেত্রে গ্রামের নাম, জরিপের তারিখ, পরিবারের সংখ্যা, পরিবারের শ্রেণী বিভাগসহ জরিপ কাজ সম্পন্ন হবার ১৫ (পনের) দিনের মধ্যে একটি প্রতিবেদন জেলা সমাজসেবা কার্যালয়ে প্রেরণ করতে হবে।

৫. পরিবার জরিপ ছাড়া কার্যক্রমভুক্ত গ্রামে কোন আর্থ-সামাজিক কর্মসূচি গ্রহন করা যাবে না।
৬. উপজেলা সমাজসেবা কর্মকর্তা পরিবার জরিপ কাজ শুরু করার পূর্বে ফিল্ড সুপারভাইজার, ইউনিয়ন সমাজকর্মী এবং কারিগরী প্রশিক্ষককে জরিপ ফরম পূরণের উপর ১ দিনের ওরিয়েন্টেশন দেবেন। এ ধরনের ওরিয়েন্টেশন অনুষ্ঠানে ইউপিআইসি সদস্যদের উপস্থিত থাকার জন্য আমন্ত্রণ জানানো যেতে পারে।
৭. সংশ্লিষ্ট গ্রামে নিয়োজিত ইউনিয়ন সমাজকর্মী/কারিগরী প্রশিক্ষক প্রতিটি বাড়ীতে গিয়ে পরিবার জরিপ ফরম পূরণ করবেন।
৮. জরিপ চলাকালীন ফিল্ড সুপারভাইজার সার্বক্ষণিক জরিপ কাজ তদারকি করবেন এবং তিনি জরিপের সঠিকতা যাচাই করে জরিপ ফরমে প্রতিস্বাক্ষর করবেন। উপজেলা সমাজসেবা কর্মকর্তা জরিপকালে ১০% জরিপ কাজ সরেজমিনে যাচাই করে প্রাপ্ত তথ্যের সঠিকতা নিশ্চিত করবেন। জরিপে কোন তথ্য ভুল প্রমাণিত হলে তার দায়ভার সংশ্লিষ্ট ইউনিয়ন সমাজকর্মী/ কারিগরী প্রশিক্ষক ফিল্ড সুপারভাইজার এবং উপজেলা সমাজসেবা কর্মকর্তাকে বহন করতে হবে।
৯. উপজেলা পল্লী সমাজসেবা কার্যক্রম বাস্তবায়ন কমিটি(ইউপিআইসি) এর অনুমোদনক্রমে একজন ঋণগ্রহীতা প্রয়োজনে সর্বাধিক ৩ (তিন) বার ঋণ গ্রহণ করতে পারবে।

অতঃপর নির্ধারিত গ্রাম জরিপ ফরমে পুনঃজরিপের মাধ্যমে কতটি পরিবার ‘ক’ শ্রেণী থেকে ‘খ’ শ্রেণীতে এবং ‘খ’ শ্রেণী থেকে ‘গ’ শ্রেণীতে উন্নীত হয়েছে তা মূল্যায়ন করতে হবে। পুনঃজরিপের মূল্যায়ন তালিকা উপজেলা পল্লী সমাজসেবা কার্যক্রম বাস্তবায়ন কমিটি (ইউপিআইসি) এর সভায় অনুমোদনপূর্বক জেলার উপপরিচালকের নিকট প্রেরণ করতে হবে। উপ-পরিচালক প্রতি বছর জুলাই মাসে এ সংক্রান্ত একটি প্রতিবেদন সমাজসেবা অধিদফতরে প্রেরণ করবেন।

## ২.৬ লক্ষ্যভুক্ত পরিবার ও তার কার্যাবলী

পল্লী সমাজসেবা কার্যক্রমের আওতায় পরিবার বলতে একান্নভুক্ত (একই সাথে বসবাসকারী স্বামী, স্ত্রী, সন্তান, মা, বাবা, ভাই-বোন এবং পোষ্য) পরিবারকে বুঝাবে। এ কার্যক্রমের সাথে সম্পৃক্ত প্রতিটি পরিবার নিম্নবর্ণিত কার্যাদি সম্পাদন করবে-

১. বাড়িঘর পরিষ্কার পরিচ্ছন্ন রাখা;
২. বাড়ির আঙিনায় শাক-সজি চাষ;
৩. হাঁস - মুরগী, গরু-ছাগল পালন ও মৎস্য চাষ;
৪. বাড়ির আঙিনা ও পতিত জমিতে ফলজ, বনজ ও ঔষধি গাছ লাগানো;
৫. বিশুদ্ধ ও নিরাপদ পানি ব্যবহার;
৬. আয়োডিনযুক্ত লবন ব্যবহার;
৭. স্বাস্থ্যসম্মত পায়খানা ব্যবহার;
৮. স্কুল গমন বয়সী ছেলেমেয়েদের স্কুলে প্রেরণ ও ঝরে পড়া রোধ করা;
৯. পরিবারের সদস্য যাতে অসামাজিক কাজে জড়িয়ে না পড়ে সে জন্য ধর্মীয় ও নৈতিক শিক্ষা এবং পারিবারিক বন্ধন সুদৃঢ় করা;
১০. বয়স্ক নিরক্ষরদের স্বাক্ষর জ্ঞান লাভ করা;
১১. মা ও শিশু স্বাস্থ্য বিষয়ক প্রশিক্ষণ গ্রহন করা এবং পারিবারিক স্বাস্থ্য ক্লিনিকে সেবা গ্রহণ করা;
১২. এইচ.আই. ভি (এইডস) প্রতিরোধে সচেতন থাকা;
১৩. পরিবেশ দূষণ রোধ করা;
১৪. যথাসময়ে শিশুদের রোগ প্রতিরোধক টিকা দানের ব্যবস্থা;



১৫. গর্ভবতী/ প্রসূতি মায়ের টিকাদানসহ যত্ন নেয়া;
১৬. প্রযোজ্য ক্ষেত্রে জন্ম নিয়ন্ত্রন পদ্ধতি গ্রহণের মাধ্যমে পরিকল্পিত পরিবার গঠন করা;
১৭. বাল্য বিবাহ রোধ করা ও বহুবিবাহ নিরুৎসাহিতকরণ ;
১৮. যৌতুক গ্রহণ ও প্রদান না করা;
১৯. নারী নির্যাতন রোধে কার্যকর ভূমিকা পালন করা ও এসিড সন্ত্রাস সম্পর্কে সচেতন হওয়া;
২০. এতিম, প্রতিবন্ধী ও প্রবীণদের প্রতি যত্নবান হওয়া;
২১. প্রতিবেশীর সঙ্গে সম্পর্ক উন্নয়ন ও যোগাযোগ রক্ষা করা;
২২. নিয়মিত দলীয় সভায় যোগদান;
২৩. সেবা/ উন্নয়নমূলক কাজে নেতৃত্ব সৃষ্টিতে উদ্বুদ্ধ করা;
২৪. স্বামী-স্ত্রী, বাবা-মা, সন্তান, ভাই-বোন সকলে মিলেমিশে উন্নত পারিবারিক পরিবেশ গড়ে তোলা;
২৫. খেলাধুলা ও চিত্তবিনোদনমূলক কর্মসূচিতে অংশ গ্রহণ;
২৬. সঞ্চয়ী মনোভাব গড়ে তোলা এবং নিয়মিত সঞ্চয় জমা করা;
২৭. পরিবারের প্রতিটি সদস্য কোন না কোন ভাবে অর্থনৈতিক কর্মকাণ্ডের সাথে সম্পৃক্ত থেকে পরিবারের আয় বৃদ্ধি করা;
২৮. শিশু শ্রম বন্ধে সক্রিয় ভূমিকা পালন করা;
২৯. শিশুর জন্ম নিবন্ধন;
৩০. মাদক মুক্ত পরিবার গঠন।

## ২.৭ বিভিন্ন কর্মসূচির লক্ষ্যমাত্রা চিহ্নিতকরণ

১. শুধুমাত্র ‘ক’ ও ‘খ’ শ্রেণীভুক্ত পরিবারের জন্য আয়বর্ধক কর্মসূচি প্রযোজ্য হবে। অন্যান্য সামাজিক কার্যক্রম যেমনঃ পরিবার পরিকল্পনা, স্বাস্থ্য পরিচর্যা ও সমষ্টি উন্নয়ন কর্মসূচিতে ক, খ ও গ শ্রেণীর পরিবারকেই সম্পৃক্ত করতে হবে। তবে সকল কার্যক্রমের ক্ষেত্রে ‘ক’ শ্রেণীভুক্ত পরিবার অগ্রাধিকার পাবে।
২. ছোট পরিবার গঠনের মাধ্যমে আর্থ-সামাজিক উন্নয়নের জন্য পরিবার পরিকল্পনা কার্যক্রমে শুধুমাত্র সক্ষম দম্পতিদের উদ্বুদ্ধ করতে হবে।
৩. শিশু ও মহিলাদের রোগ প্রতিষেধক (ইমিউনাইজেশন) টিকাদানে উদ্বুদ্ধকরণের জন্য লক্ষ্য স্থির করতে হবে। লক্ষ্যভুক্ত পরিবারের প্রতিটি নবজাত শিশুর জন্মনিবন্ধনে উদ্বুদ্ধ করতে হবে।
৪. লক্ষ্যভুক্ত পরিবারকে বিশুদ্ধ এবং নিরাপদ পানি ব্যবহারের জন্য উদ্বুদ্ধ করতে হবে।
৫. লক্ষ্যভুক্ত পরিবারকে স্বাস্থ্যসম্মত/জলাবদ্ধ পায়খানা ব্যবহারে উদ্বুদ্ধ করতে হবে।
৬. বাল্যবিবাহ ও বহুবিবাহ নিরুৎসাহিত করতে হবে।
৭. নারী নির্যাতন ও এসিড সন্ত্রাসের বিরুদ্ধে সামাজিক সচেতনতা গড়ে তুলতে হবে।
৮. এতিম প্রতিবন্ধী ও প্রবীণদের প্রতি যত্নবান হতে হবে এবং শিশুশ্রম নিরুৎসাহিত করতে হবে।
৯. মাদকমুক্ত পরিবার গঠনে সামাজিক মূল্যবোধ গড়ে তোলার জন্য করাজ করতে হবে।
১০. প্রত্যেক সদস্যের মধ্যে সঞ্চয়ী মনোভাব গড়ে তোলার মাধ্যমে নিয়মিত দলীয় সঞ্চয়ের বিষয়ে উদ্বুদ্ধ করতে হবে।
১১. পরিবারের প্রতিটি সদস্যকে কোন না কোনভাবে অর্থনৈতিক কর্মকাণ্ডের সাথে সম্পৃক্ত থেকে পরিবারের আয় বৃদ্ধি করতে হবে।

১২. সামাজিক বনায়ন কর্মসূচিতে ‘ক’ ও ‘খ’ শ্রেণীর পরিবারকে যথাক্রমে অগ্রাধিকার ভিত্তিতে লক্ষ্যভুক্ত করে ফলজ, বনজ ও ঔষধি গাছ লাগানোর জন্য উদ্বুদ্ধ করতে হবে।
১৩. উপজেলা পর্যায়ে প্রণীত বার্ষিক কর্ম পরিকল্পনার আলোকে কর্মদল ও গ্রাম কমিটির সঙ্গে আলোচনাক্রমে উপরিউক্ত কার্যক্রমসমূহের বাৎসরিক লক্ষ্যমাত্রা নির্ধারণ করতে হবে।

## ২.৮ দলীয় সদস্যপদ প্রদান ও কর্মদল গঠন

১. গ্রামের ভৌগোলিক অবস্থান এবং লক্ষ্যভুক্ত পরিবারের সংখ্যার দিক বিবেচনায় রেখে প্রতিটি কার্যক্রমভুক্ত গ্রামে ‘ক’ ও ‘খ’ শ্রেণীভুক্ত পরিবার হতে প্রতিনিধি নিয়ে কমপক্ষে ১টি মহিলা দলসহ সর্বোচ্চ ১০টি কর্মদল গঠন করা যেতে পারে। মহিলা কর্মদল গঠন ও নেতৃত্ব সৃষ্টির মাধ্যমে মহিলাদের উৎসাহিত করতে হবে। প্রতিটি কর্মদলের সদস্য সংখ্যা ১০-২০ জন পর্যন্ত হতে পারে।
২. সরকারী বা বেসরকারী সংস্থায় কর্মরত কোন ব্যক্তি কর্মদলের সদস্য হতে পারবেন না।
৩. লক্ষ্যভুক্ত পরিবারের যে সকল সদস্য কার্যক্রমভুক্ত এলাকায় নিয়মিত বসবাস করেন কেবল তারাই কর্মদলের সদস্য হতে পারবেন।
৪. লক্ষ্যভুক্ত পরিবারের ১৮ বৎসরের উর্ধ্বে যে কোন কর্মক্ষম ব্যক্তি কর্মদলের সদস্য হতে পারবেন।
৫. প্রতিটি কর্মদলের সদস্যগণ একজন দলনেতা ও একজন সহকারী দলনেতা নির্বাচিত/মনোনীত করবেন। দলনেতা ও সহকারী দলনেতা পুরুষ বা মহিলা হতে পারবেন।

## ২.৯ কর্মদল গঠনের উদ্দেশ্য ও কার্যাবলী

কর্মদল গঠনের উদ্দেশ্য হচ্ছে লক্ষ্যভুক্ত পরিবারকে একটি সাংগঠনিক প্রক্রিয়ার মাধ্যমে তাদের সমস্যা, সম্পদ, মর্যাদা, দায়িত্ব, কর্তব্য ইত্যাদি সম্পর্কে সচেতন করা এবং দায়িত্বশীল ও কর্মক্ষম পরিবার প্রধান/সদস্য হিসাবে গড়ে তোলা। কর্মদল সদস্যকে স্ব-স্ব পরিবারে নিম্নলিখিত কার্যাদি সম্পাদন করতে হবে-

১. বাধ্যতামূলকভাবে নিয়মিত মাসিক সঞ্চয় জমাদান;
২. নিয়মিত দলীয় সভায় যোগদান (প্রতি দুই মাসে কমপক্ষে একটি সভা করতে হবে);
৩. মা ও শিশু স্বাস্থ্য প্রশিক্ষণে পরিবারের মহিলাদের অংশগ্রহণ;
৪. শিশুদের মায়ের বুকের দুধ খাওয়ানো উদ্বুদ্ধকরণ;
৫. পরিবার পরিকল্পনা পদ্ধতি গ্রহণের মাধ্যমে ছোট পরিবার গঠন;
৬. শিশু (০-১ বৎসর) ও মায়ের (১৮-৪৫ বৎসর) টিকাদান;
৭. স্কুল বয়সী শিশুদের স্কুল, মক্তব অথবা মাদ্রাসায় প্রেরণ;
৮. দলীয় সদস্য ও তার পরিবারের সকল সদস্যের বাধ্যতামূলক সাক্ষর জ্ঞান অর্জন;
৯. বিশুদ্ধ, নিরাপদ ও আর্সেনিক মুক্ত পানি পান ও ব্যবহার;
১০. স্বাস্থ্যসম্মত পায়খানা ব্যবহার;
১১. পরিবারের সকলের পরিচ্ছন্ন এবং বাড়ি-ঘর পরিষ্কার-পরিচ্ছন্ন রাখা;
১২. বাড়ির আঙ্গিনায় নিয়মিত সজি বাগানসহ ফলজ, বনজ ও ঔষধি গাছ লাগানো;
১৩. আয়োডিনযুক্ত লবন ব্যবহার;
১৪. গর্ভবতী মায়ের যত্ন এবং নিরাপদ মাতৃত্বের জন্য স্বাস্থ্য কেন্দ্রে গমন;
১৫. বাল্যবিবাহ রোধ এবং বহুবিবাহ হতে বিরত থাকা;

১৬. পরিবারে এতিম, প্রতিবন্ধী এবং প্রবীণদের প্রতি যত্নবান হওয়া;
১৭. যৌতুক গ্রহণ এবং প্রদান হতে বিরত থাকা;
১৮. পারস্পরিক যোগাযোগের মাধ্যমে পারিবারিক এবং সামাজিক বন্ধন দৃঢ় করা;
১৯. আয়বর্ধক কর্মসূচির আওতায় গৃহিত ঘূর্ণায়মান তহবিলের সঠিক ব্যবহার ও নিয়মিত কিস্তি পরিশোধ এবং দলের সম্মিলিত উদ্যোগে বকেয়া ঋণ পরিশোধ;
২০. নেতৃত্বের বিকাশ সাধন এবং দলীয় বিভিন্ন কার্যক্রমের রেকর্ড পত্র তৈরী ও সংরক্ষণের জন্য হাতে কলমে শিক্ষা গ্রহণ।

## ২.১০ কর্মদলের সদস্যদের অধিকার ও দায়িত্ব

### অধিকার

১. প্রত্যেক সদস্যের নিজ দলের দলনেতা/সহকারী দলনেতা নির্বাচিত হওয়া কিংবা অপরকে নির্বাচিত/মনোনীত করার অধিকার;
২. দলের সদস্য হিসাবে বর্ণিত সামাজিক কার্যাবলী সম্পাদন সাপেক্ষে অগ্রাধিকার তালিকা অনুযায়ী ঘূর্ণায়মান তহবিল হতে ঋণ পাওয়ার অধিকার;
৩. দলের সদস্যগণের নিয়মানুযায়ী দলের সকল প্রকার সুযোগ সুবিধা ভোগ করার অধিকার;

### দায়িত্ব

১. কর্মদলের সদস্যদের দলের নিয়ম কানুন মেনে চলা।
২. দলীয় সভায় সকলকে নিয়মিত অংশগ্রহণ করা।
৩. নিয়মিত দলীয় সঞ্চয় জমাদান।

## ২.১১ কর্মদলের ভূমিকা

১. দলের লক্ষ্যভুক্ত পরিবার/সদস্যদের মধ্যে পারস্পরিক সহযোগিতা বৃদ্ধি, আত্মসচেতনতা সৃষ্টি ও দলীয় সদস্যদের মধ্যে সম্পর্ক উন্নয়ন।
২. দলীয় সদস্যদের মধ্যে পারস্পরিক মতামত ও অভিজ্ঞতা বিনিময় এবং সৌহার্দপূর্ণ মনোভাব সৃষ্টি করা।
৩. দলীয় কার্যক্রমের মাধ্যমে দলকে সুসংগঠিত, নুতন নেতৃত্ব সৃষ্টি ও বিকাশে সহায়তা করা।
৪. অগ্রাধিকার ভিত্তিতে দলীয় সদস্যদের মধ্য হতে আর্থ-সামাজিক ক্ষীমের জন্য প্রাথমিকভাবে পরিবার নির্বাচনপূর্বক ও গ্রাম কমিটির নিকট পেশ করা।
৫. দলের সকল প্রকার সুযোগ সুবিধা অগ্রাধিকার ভিত্তিতে পর্যায়ক্রমে প্রত্যেক লক্ষ্যভুক্ত পরিবারের নিকট পৌঁছে দেয়া।
৬. দলের সদস্যের জন্য আন্তঃদলীয় ক্রীড়া ও সাংস্কৃতিক প্রতিযোগিতা এবং চিত্তবিনোদনের ব্যবস্থা করা।
৭. দলীয় সকল কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনা/ বাস্তবায়নের জন্য দলের সভায় লক্ষ্যমাত্রা নির্ধারণ এবং পরবর্তী সভায় তার অগ্রগতি পর্যালোচনা পূর্বক প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ।
৮. ঋণগ্রহীতা যেন নির্ধারিত পাকা রশিদ ব্যতিরেকে ঋণের কিস্তি পরিশোধ যেন না করে সে বিষয়টি তদারকি করবেন।
৯. কর্মদলের সদস্যগণ গ্রাম কমিটি এবং উপজেলা পল্লী সমাজসেবা কার্যক্রম বাস্তবায়নে সহায়ক শক্তি হিসাবে কাজ করবেন।

## ২.১২ কর্মদল পরিচালনার নিয়মাবলী

১. প্রতি দুই মাসে কমপক্ষে একটি সভা করতে হবে।
২. দলনেতা দলীয় সভায় সভাপতির দায়িত্ব পালন করবেন।
৩. দলনেতা এবং ইউনিয়ন সমাজকর্মী/ কারিগরী প্রশিক্ষক দলের সদস্যদের অনুচ্ছেদ ২.৬ এ বর্ণিত কার্যাবলী সম্পাদনের বিষয়টি তদারকী ও প্রয়োজনীয় সহযোগিতা প্রদান করবেন।
৪. ক্ষীম বাস্তবায়নে দলীয় সদস্যদের সহায়তা প্রদান।
৫. ঋণ আদায়ে সমস্যার সৃষ্টি হলে তা আদায়ে সহায়তা প্রদান।
৬. দলের সদস্যদের নিকট হতে দলীয় সঞ্চয় নিয়মিত এবং বাধ্যতামূলকভাবে আদায় করে সংশ্লিষ্ট ব্যাংক হিসাবে জমা দিবেন।
৭. কর্মদলের মাসিক করণীয় কার্যাদি সুষ্ঠুভাবে সম্পাদনের জন্য মাসিক লক্ষ্যমাত্রা নির্ধারণ পূর্বক মাসিক কর্ম পরিকল্পনা প্রণয়ন এবং বাস্তবায়নে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ।

## ২.১৩ দলের সদস্যপদ বাতিল এবং নতুন সদস্য পদ প্রদান

১. কর্মদলের কোন সদস্য কোন কারণ ব্যতিরেকে যদি ৫টি দলীয় সভায় অনুপস্থিত থাকেন তবে উক্ত সদস্যের সদস্যপদ বাতিল করা যাবে।
২. কোন সদস্য পরপর ৩ (তিন) মাস দলীয় সঞ্চয় জমা না দিলে ঐ সদস্যের সদস্যপদ বাতিল করা যাবে।
৩. কর্মদলের কোন সদস্য(সক্ষম দম্পতি) যদি দুই এর অধিক সন্তান গ্রহন করে তবে তার সদস্য পদ বাতিল করা যাবে।
৪. দলে অন্তর্ভুক্তির ৬ মাসের মধ্যে কোন সদস্য যদি স্বাস্থ্যসম্মত পায়খানা এবং নিরাপদ ও বিশুদ্ধ পানি ব্যবহার না করেন তবে দলীয় সিদ্ধান্ত মতে ঐ সদস্যের সদস্য পদ বাতিল করা যাবে।
৫. দলের কোন সদস্য যদি ৬ মাসের অধিক সময় এলাকার বাইরে অবস্থান করেন তবে দলীয় সিদ্ধান্ত মতে তার সদস্য পদ বাতিল করা যাবে।
৬. দলের কোন সদস্য যদি আর্থ-সামাজিক কার্যক্রম বাস্তবায়নের মাধ্যমে দারিদ্র্যসীমা অতিক্রম করতে সক্ষম হন তবে তিনি লক্ষ্যভুক্ত পরিবারের অন্তর্ভুক্ত থাকবেন না।
৭. দলের কোন সদস্য যদি দলীয় স্বার্থের পরিপন্থী কোন কাজে অংশগ্রহণ, আইন শৃংখলা ভঙ্গা, উপযুক্ত আদালত কর্তৃক দোষী সাব্যস্ত হন বা দলীয় সিদ্ধান্তের পরিপন্থি কোন কাজে লিপ্ত হন তবে তার সদস্য পদ বাতিল বলে গণ্য হবে।
৮. কর্মদলের কোন সদস্য যদি কোন কারণে তার সদস্য পদ হারান তবে ঐ সদস্যকে পরবর্তী তিন মাসের মধ্যে তার আবেদনের প্রেক্ষিতে সদস্য হিসাবে অন্তর্ভুক্ত করা যাবে। কিন্তু পরবর্তী ৩ মাস তাকে পর্যবেক্ষণে রাখতে হবে। ঐ সময়ের মধ্যে তাকে আর্থ-সামাজিক ক্ষীমে ঋণ প্রদান করা যাবে না। বকেয়া দলীয় সঞ্চয় পরিশোধ সাপেক্ষে সদস্য পদ লাভ করতে পারবে।

## ২.১৪ দলনেতা/সহকারী দলনেতার মেয়াদকাল, কর্তব্য ও ভূমিকা

১. একজন দলনেতা/সহকারী দলনেতা ৩ (তিন) বৎসরের জন্য নির্বাচিত/মনোনীত হবেন। দলের সদস্যদের মতামতের ভিত্তিতে একাধিকমে একই পদে ৩ (তিন) বারের বেশী নির্বাচিত/মনোনীত হতে পারবেন না। তবে নতুনদের দলনেতা/ সহকারী দলনেতা নির্বাচন/মনোনয়নের ক্ষেত্রে অগ্রাধিকার প্রদান করতে হবে।

২. দলনেতা/সহকারী দলনেতা নিজ দলের সদস্য, গ্রাম কমিটির অন্যান্য সদস্যগন উপজেলা সমাজসেবা কর্মকর্তা, ফিল্ডসুপারভাইজার, ইউনিয়ন সমাজকর্মী/কারিগরী প্রশিক্ষকদের সহযোগী হিসাবে কাজ করবেন।
৩. দলনেতা/সহকারী দলনেতার সহযোগিতায় নিজ দলের আর্থ-সামাজিক স্কীম ও অন্যান্য কার্যাদি তদারকি করবেন এবং উন্নয়নমূলক কার্যক্রমে যাবতীয় সহযোগিতা প্রদান করবেন।
৪. দলনেতা সহকারী দলনেতার সহযোগিতায় নিয়মিত দলীয় সভা আহবান, পরিচালনা ও সভাপতিত্ব করবেন।
৫. দলনেতা/সহকারী দলনেতার সহযোগিতায় দলীয় সভায় সদস্যদের মাসিক দলীয় সঞ্চয় আদায় করবেন এবং সঞ্চয় রেজিস্টার ও সঞ্চয় পাশ বইতে লিপিবদ্ধ করবেন।
৬. দলনেতা/সহকারী দলনেতা আদায়কৃত দলীয় সঞ্চয় ২৪ ঘণ্টার মধ্যে নিজে দলীয় সঞ্চয় তহবিলে জমা প্রদান করবেন।
৭. দলনেতা/সহকারী দলনেতা গ্রাম কমিটির সদস্য হিসেবে নিয়মিত মাসিক সভায় উপস্থিত থাকবেন এবং সভায় দলীয় কার্যক্রমের অগ্রগতি, স্কীম বাস্তবায়নে সফলতা ও ব্যর্থতা, নিয়মিত দলীয় সঞ্চয় আদায় এবং নিয়মিত ও সময়মত কিস্তি পরিশোধসহ অন্যান্য বিষয়াবলী উপস্থাপন করবেন।
৮. আর্থ-সামাজিক স্কীমের জন্য পরিবার বাছাই, সঠিক স্কীম প্রণয়ন, বাস্তবায়ন এবং ঋণের কিস্তি আদায়ে ইউনিয়ন সমাজকর্মী/কারিগরী প্রশিক্ষককে প্রয়োজনীয় সহযোগিতা প্রদান করবেন।
৯. দলনেতার যাবতীয় দায়িত্ব পালনে সহকারী দলনেতা ঘনিষ্ঠভাবে সহযোগিতা করবেন এবং দলনেতার অবর্তমানে তিনি দলনেতার দায়িত্ব পালন করবেন।

## ২.১৫ দলীয় সঞ্চয়

১. কর্মদলের প্রত্যেক সদস্য প্রতি মাসে ন্যূনতম ২০/- (বিশ) টাকা হারে দলীয় সঞ্চয় প্রদান করবেন। দলীয় প্রত্যেক সদস্য কর্তৃক সঞ্চয়কৃত অর্থ কর্মদলভুক্ত প্রত্যেক সদস্যের নিজস্ব তহবিল হিসেবে গন্য হবে। দলনেতা এবং ইউনিয়ন সমাজকর্মী/কারিগরী প্রশিক্ষক দলীয় সদস্যদেরকে সঞ্চয় প্রদানে উৎসাহিত করবেন।
২. কর্মদলের সদস্যদের মাসিক সঞ্চয়ের টাকা দলনেতা/সহকারী দলনেতা/ ইউনিয়ন সমাজকর্মী / কারিগরী প্রশিক্ষক কর্তৃক সংশ্লিষ্ট সদস্যের সঞ্চয়ী পাশ বই এবং দলীয় সঞ্চয় রেজিস্টারে লিপিবদ্ধ করবেন। প্রত্যেক কর্মদলের জন্য পৃথক সঞ্চয় রেজিস্টার ব্যবহার করতে হবে।
৩. আদায়কৃত দলীয় সঞ্চয়ের অর্থ দলনেতা, সহকারী দলনেতা ২৪ ঘণ্টার মধ্যে ‘..... গ্রামের ..... নং কর্মদলের দলীয় সঞ্চয়’ হিসাবে জমা করবেন এবং জমাকৃত অর্থ ব্যাংক কর্তৃক প্রদত্ত পাশ বইতে লিপিবদ্ধ করিয়ে নেবেন। সংশ্লিষ্ট মাঠকর্মী আদায়কৃত সঞ্চয় যথাসময়ে ব্যাংকে জমাদানের বিষয়টি নিশ্চিত করবেন।
৪. দলীয় সঞ্চয়ের হিসাব ইউনিয়ন সমাজকর্মী/ কারিগরী প্রশিক্ষক ও দলনেতা/ দলনেত্রীর যৌথ স্বাক্ষরে পরিচালিত হবে।
৫. প্রতি বছর জানুয়ারী মাসের মধ্যে প্রত্যেক সদস্যকে নিম্নে বর্ণিত ছক অনুযায়ী ব্যক্তিগত সঞ্চয়ের খতিয়ান তৈরী করে সরবরাহ করতে হবে।
৬. আদায়কৃত দলীয় সঞ্চয়ের সঠিক হিসাব সংরক্ষণের নিমিত্তে প্রত্যেক কার্যক্রমভুক্ত গ্রামের জন্য একটি করে ক্যাশ বই সংরক্ষণ করতে হবে।
৭. নিয়মিত দলীয় সঞ্চয় আদায়, সদস্য পাশ বই, সঞ্চয় রেজিস্টার, ক্যাশ বইতে সঠিকভাবে লিপিবদ্ধ হচ্ছে কিনা এবং সংশ্লিষ্ট ব্যাংক হিসাবে যথাসময়ে জমা এবং ব্যাংক পাশ বইতে জমাকৃত অর্থ লিপিবদ্ধ করা হচ্ছে কিনা ফিল্ড সুপারভাইজার এবং উপজেলা সমাজসেবা কর্মকর্তা নিয়মিত তদারকি করবেন।

**‘ছক’ :..... সালের কর্মদলের সদস্যদের বার্ষিক দলীয় সঞ্চয়ের বিবরণী**

গ্রাম ..... কর্মদল নং .....

সদস্যদের নাম	সদস্য নং	সূচক নং	পূর্ববর্তী বছরের জমা	চলতি বছরের জমা	প্রাপ্ত নীট ব্যাংক সুদ	প্রাপ্ত নীট লভ্যাংশ	মোট তহবিল (৪+৫+৬+৭)	চলতি বছরের উত্তোলন	বর্তমান স্থিতি (৮-৯)
১	২	৩	৪	৫	৬	৭	৮	৯	১০

৮. সঞ্চয় তহবিলের কোনরূপ গরমিল পরিলক্ষিত হলে সঙ্গে সঙ্গে তা সংশোধন করতে হবে। অন্যথায় সংশ্লিষ্টদেরকে ব্যক্তিগতভাবে দায়ী করা হবে।
৯. প্রত্যেক সদস্য তার জমাকৃত সঞ্চয়ের উপর প্রাপ্ত ব্যাংক সুদ লভ্যাংশ হিসেবে প্রাপ্য হবেন।
১০. কোন সদস্যের সদস্য পদের মেয়াদ ০১ (এক) বৎসর পূর্ণ না হলে তিনি শুধুমাত্র তার জমাকৃত সঞ্চয়ের অর্থ ফেরত পাবেন, কোন লভ্যাংশ পাবেন না।
১১. কোন সদস্য কোন কারণে পদত্যাগ করলে তিনি পূর্ববর্তী বৎসর সমূহের লভ্যাংশ ও জমাকৃত মোট সঞ্চয়ের অর্থ ফেরৎ পাবেন, চলতি বৎসরের লভ্যাংশ প্রাপ্য হবেন না।
১২. কোন সদস্যের মৃত্যু হলে তাঁর জমাকৃত সঞ্চয় ও লভ্যাংশ আইনানুযায়ী তার উত্তরাধিকারীগণ প্রাপ্য হবেন। উত্তরাধিকারী না থাকলে তার সঞ্চয় ও লভ্যাংশের বিষয়টি দল ও গ্রাম কমিটির সুপারিশের ভিত্তিতে উপজেলা পল্লী সমাজসেবা কার্যক্রম বাস্তবায়ন কমিটির অনুমোদনক্রমে দেশের প্রচলিত আইনমতে ব্যবস্থা গ্রহণ করা যাবে।

## ২.১৬ দলীয় সঞ্চয় সংরক্ষণ ও ব্যবহার

১. কর্মদলের সদস্যদের নিকট থেকে মাসিক কিস্তিতে আদায়কৃত দলীয় সঞ্চয় সংশ্লিষ্ট সদস্যদের ব্যক্তিগত আমানত হিসাবে গণ্য হবে এবং সংশ্লিষ্ট দলের ঘূর্ণায়মান তহবিল হিসাবে ব্যবহার করা যাবে।
২. কার্যক্রমভূক্ত গ্রামের দলীয় সদস্যদের নিকট থেকে আদায়কৃত দলীয় সঞ্চয়ের অর্থ সংশ্লিষ্ট দলের ‘(দলের নাম) দলীয় সঞ্চয় তহবিল’ শিরোনামে স্থানীয় তফশীলভুক্ত ব্যাংকে সঞ্চয়ী হিসাবে জমা থাকবে। উক্ত হিসাব দলনেতা/ দলনেত্রী ও ইউনিয়ন সমাজকর্মী / কারিগরী প্রশিক্ষক এর যৌথ স্বাক্ষরে পরিচালিত হবে।
৩. ন্যূনতম ৩,০০০/- (তিন হাজার) টাকা অথবা তদুর্ধ্ব পরিমাণ সঞ্চয় কিংবা একটি স্কীম বাস্তবায়নের সমপরিমাণ অর্থ জমা হলে উক্ত অর্থ গ্রাম কমিটির সুপারিশে ও উপজেলা সমাজসেবা কর্মকর্তার অনুমোদনক্রমে আয়বর্ধক কর্মসূচীতে সংশ্লিষ্ট কর্মদলের সদস্যদের মধ্যে ঘূর্ণায়মান তহবিল হিসাবে বিনিয়োগ করা যাবে।
৪. দলীয় সঞ্চয়ের সাকুল্য (১০০%) অর্থ ঘূর্ণায়মান তহবিল হিসাবে ব্যবহৃত হবে।
৫. দলীয় সদস্যদের মধ্যে বিনিয়োগকৃত দলীয় সঞ্চয় তহবিল হতে প্রাপ্ত ১০% সার্ভিস চার্জ দলীয় সদস্যদের একই ব্যাংক হিসাবে সংশ্লিষ্ট দলের দলীয় সঞ্চয় হিসাবে জমা করতে হবে।
৬. ১০% হারে প্রাপ্ত সার্ভিস চার্জের অর্থ হতে সঞ্চয় আমানতকারীগণ তাদের জমাকৃত সঞ্চয়ের উপর আনুপাতিক হারে লভ্যাংশ হিসাবে প্রাপ্য হবেন।

৭. সংশ্লিষ্ট দলের দলীয় সঞ্চয়ের অর্থ ঘূর্ণায়মান তহবিল হিসেবে ব্যবহারের ক্ষেত্রে আর্থ-সামাজিক ক্ষীমে ব্যবহারের সকল রেকর্ডপত্র যেমন - স্কীম, চুক্তিপত্র, বিতরণ রেজিস্টার, আদায় রশিদ, আদায় রেজিস্টার, ক্যাশ বই ও অন্যান্য যাবতীয় তথ্যাদি পৃথকভাবে সংরক্ষণ করতে হবে।
৮. দলীয় সঞ্চয় বিনিয়োগ/ পুনঃবিনিয়োগের তথ্য মাসিক প্রতিবেদন ফরমে পৃথকভাবে উল্লেখ করতে হবে।
৯. একই সদস্যকে একই সময়ে একাধিক খাত হতে ঋণ প্রদান করা যাবে না।

## ২.১৭ সমাজসেবা গ্রাম কমিটি

কার্যক্রমভূক্ত প্রতিটি গ্রামে সমাজসেবা অধিদফতরের যাবতীয় কার্যক্রম পরিচালনা, বাস্তবায়ন এবং সমন্বয় সাধনের জন্য ‘গ্রামের নাম) সমাজসেবা গ্রাম কমিটি’ নামে একটি কমিটি থাকবে।

### ক. গ্রাম কমিটি গঠনের উদ্দেশ্য

১. কার্যক্রমভূক্ত গ্রামে পল্লী সমাজসেবা কর্মসূচি বাস্তবায়নে সক্রিয় অংশগ্রহণ ও ব্যবস্থাপনা।
২. আর্থ-সামাজিক কার্যক্রমের জন্য দল কর্তৃক বাছাইকৃত পরিবার ও স্কীমসমূহ প্রাথমিক অনুমোদন এবং সুপারিশসহ সংশ্লিষ্ট ইউনিয়ন সমাজকর্মী/কারিগরী প্রশিক্ষকের মাধ্যমে উপজেলা সমাজসেবা কর্মকর্তার নিকট প্রেরণ করা।
৩. সমাজসেবা অধিদফতরের যাবতীয় কার্যক্রম বাস্তবায়নের জন্য সংশ্লিষ্ট ইউনিয়ন সমাজকর্মী/কারিগরী প্রশিক্ষকের সঙ্গে আলোচনাক্রমে বাৎসরিক লক্ষ্যমাত্রা নির্ধারণ ও অর্জনের জন্য বার্ষিক কর্মপরিকল্পনা প্রণয়ন করা।
৪. কর্ম পরিকল্পনা অনুযায়ী লক্ষ্যমাত্রা অর্জনের জন্য সংশ্লিষ্ট ব্যক্তি, সংস্থাসমূহের সঙ্গে যোগাযোগ ও সমন্বয় সাধন পূর্বক গ্রাম উন্নয়নমূলক সকল কর্মকান্ড সফল বাস্তবায়ন।
৫. কর্মদলের কার্যক্রম তদারকি করা
৬. স্বেচ্ছাভিত্তিক সমাজসেবা ও উন্নয়নমূলক কাজে নেতৃত্ব বিকাশে সহায়তা করা।

### খ. গ্রাম কমিটির কাঠামো

গ্রাম কমিটির কাঠামো নিম্নরূপ-

১. সভাপতি	-	১ জন
২. সহ-সভাপতি	-	১ ”
৩. সম্পাদক (পদাধিকার বলে সংশ্লিষ্ট ইউনিয়ন সমাজকর্মী/কারিগরী প্রশিক্ষক)	-	১ ”
৪. সহকারী সম্পাদক	-	১ ”
৫. কোষাধ্যক্ষ	-	১ ”
৬. নির্বাহী সদস্য	-	অপরাপর দলনেতাগণ

### শর্তাবলী

১. গ্রামের সকল কর্মদলের দলনেতা/সহকারী দলনেতার সমন্বয়ে গ্রাম কমিটি গঠন করতে হবে। গ্রাম কমিটিতে একাধিক মহিলা দলনেতা/সহকারী দলনেতা অন্তর্ভুক্তির বিষয়টি অগ্রাধিকার পাবে।

২. গ্রাম কমিটির সভার সিদ্ধান্ত অনুযায়ী ইউনিয়ন সমাজকর্মী/কারিগরী প্রশিক্ষক ও ফিল্ড সুপারভাইজারের সুপারিশক্রমে উপজেলা সমাজসেবা কর্মকর্তা নবগঠিত গ্রাম কমিটি অনুমোদন করবেন।
৩. গ্রাম কমিটির সভায় সভাপতি/সহ-সভাপতি এবং সম্পাদকসহ দুই-তৃতীয়াংশ সদস্যের উপস্থিতিতে কোরাম পূর্ণ হবে।
৪. উপস্থিত সংখ্যাগরিষ্ঠ সদস্যদের মতামতের ভিত্তিতে সিদ্ধান্ত গৃহিত হবে এবং কোন কোন ক্ষেত্রে সমান সংখ্যক ভোট পড়লে সভাপতির কাস্টিং ভোটে সিদ্ধান্ত চূড়ান্ত হবে।

## ২.১৮ গ্রাম কমিটি পুনর্গঠন

১. ৩(তিন) বৎসর মেয়াদান্তে (কমিটি গঠনের তারিখ হতে তিন বছর) কমিটি স্বাভাবিকভাবে বাতিল বলে গণ্য হবে। গ্রাম কমিটির মেয়াদ শেষ হওয়ার পর ১ (এক) মাসের মধ্যে উপজেলা সমাজসেবা অফিসার নিয়মানুসারে নতুন কমিটি অবশ্যই পুনর্গঠন করবেন। এক্ষেত্রে দলনেতাদের মতামতের প্রেক্ষিতে কোন ব্যক্তি একাধিকবার কমিটির সদস্য নির্বাচিত/মনোনীত হতে পারবেন। তবে নবগঠিত কমিটিতে নতুন সদস্য অন্তর্ভুক্তি অগ্রাধিকার পাবে। কোন অনিবার্য কারণে কমিটি গঠন/পুনর্গঠন করা সম্ভব না হলে পূর্বের কমিটি উপজেলা সমাজসেবা কর্মকর্তার অনুমোদনক্রমে ৬ (ছয়) মাস দায়িত্ব পালন করতে পারবেন। উক্ত ৬ (ছয়) মাস সমাপ্তির অন্ততঃ ১(এক) মাস পূর্বে কমিটি গঠন/পুনর্গঠনের ব্যবস্থা নিতে হবে।
২. পুনর্গঠিত কমিটি পূর্বের ন্যায় উপজেলা সমাজসেবা কর্মকর্তা কর্তৃক অনুমোদিত হবে এবং কমিটি পুনর্গঠনের বিবরণী গ্রাম পর্যায়ে সভার কার্য বিবরণী রেজিস্টারে লিপিবদ্ধ করতে হবে। এছাড়াও উপজেলা সমাজসেবা কার্যালয়ে পুনর্গঠিত কমিটির তালিকা সংরক্ষিত থাকবে।
৩. কোন কারণে কমিটি বাতিল বা কমিটির কোন সদস্যকে বাতিল করা অপরিহার্য হয়ে পড়লে উপজেলা পল্লী সমাজসেবা কার্যক্রম বাস্তবায়ন কমিটির অনুমোদনক্রমে উপজেলা সমাজসেবা কর্মকর্তা বিধি মোতাবেক গ্রাম কমিটি বাতিল করতে পারবেন। পরবর্তী ১ (এক) মাসের মধ্যে নিয়মানুসারে নতুন কমিটি পুনর্গঠন করবেন।

## ২.১৯ গ্রাম কমিটির সদস্যপদের যোগ্যতা, সদস্য পদ বাতিলের শর্তাবলী ও সদস্যপদ পুনর্বহাল

### ক. গ্রাম কমিটির সদস্যপদের যোগ্যতা

১. গ্রাম কমিটির সদস্যপদ লাভে যোগ্যে আগ্রহী ব্যক্তিকে অবশ্যই কোন না কোন দলের দলনেতা/সহকারী দলনেতা হতে হবে এবং স্থায়ীভাবে গ্রামে বসবাস করতে হবে।
২. গ্রাম কমিটির সদস্যকে সমাজসেবা ও অন্যান্য উন্নয়ন কার্যক্রমে স্বেচ্ছাসেবী হিসাবে কাজ করতে আগ্রহী হতে হবে। তাঁকে দায়িত্বশীল, নিবেদিত, সৃজনশীল ও সাংগঠনিক দক্ষতা সম্পন্ন হতে হবে।
৩. গ্রাম কমিটির সদস্যকে স্বেচ্ছায় এবং বিনা পারিশ্রমিকে গ্রাম কমিটির প্রয়োজনীয় কাজে সময় দিতে হবে।

### খ. গ্রাম কমিটির সদস্যপদ বাতিল

গ্রাম কমিটির সাধারণ সভায় সংখ্যাগরিষ্ঠ সদস্যের মতামতের ভিত্তিতে নিম্নলিখিত কারণে সদস্যপদ বাতিল করতে পারবে-



১. যদি কোন সদস্য পূর্ব অনুমতি ছাড়া ও সন্তোষজনক কারণ ব্যতীত পর পর ৩ (তিন) টি গ্রাম কমিটি সভায় অনুপস্থিত থাকেন;
২. যদি কোন সদস্য কোন প্রকার তহবিল তসরুফ (আত্মসাৎ), অনিয়মসহ কার্যক্রমের ক্ষতিকর কার্যে লিপ্ত থাকেন;
৩. কোন সদস্য যদি অর্পিত দায়িত্ব পালনে ব্যর্থ হন;
৪. যদি কোন সদস্য সজ্ঞাত কারণ ব্যতীত ৬ মাস বা ততোধিক সময় একটানা এলাকার বাইরে অবস্থান করেন;
৫. কোন সদস্য যদি অনৈতিক, অসামাজিক ও অপরাধমূলক কার্যকলাপে লিপ্ত থাকেন বা সদস্যদের মধ্যে ভুল বুঝাবুঝির সৃষ্টি এবং অন্তর্ঘাতমূলক কাজ করেন;
৬. দলীয় সদস্য হিসেবে অবশ্য করণীয় সামাজিক কার্যাদি যদি সঠিকভাবে পালন না করেন;
৭. যদি স্বেচ্ছায় পদত্যাগ করেন;
৮. কোন সদস্য মানসিক ভারসাম্য হারিয়ে ফেললে বা মৃত্যুবরণ করলে;
৯. ফৌজদারী মামলায় সাজাপ্রাপ্ত হলে।

#### গ. সদস্যপদ পুনর্বহাল

- a. বাতিলকৃত সদস্য তাঁর কৃতকর্মের জন্য অনুতপ্ত হয়ে পুনর্বহালের জন্য আবেদন করলে গ্রাম কমিটির সভায় সংখ্যাগরিষ্ঠের সিদ্ধান্তক্রমে (ন্যূনতম ৫জন সদস্যের সম্মতিক্রমে) সদস্যপদ পুনর্বহাল করা যাবে।

## ২.২০ গ্রাম কমিটির কর্মকর্তা/সদস্যদের দায়িত্ব ও কর্তব্য

ক্রম	পদবী	সংখ্যা	দায়িত্ব ও কর্তব্য
১	সভাপতি	১ জন	<ol style="list-style-type: none"> <li>১. তিনি কমিটির প্রধান হিসাবে তার দায়িত্ব পালন করবেন এবং ইউনিয়ন সমাজকর্মী, কারিগরি প্রশিক্ষক, ফিল্ড সুপারভাইজার ও উপজেলা সমাজসেবা কর্মকর্তাকে কার্যক্রম বাস্তবায়ন ও ব্যবস্থাপনায় প্রয়োজনীয় সহযোগিতা প্রদান করবেন।</li> <li>২. বিভিন্ন উন্নয়নমূলক কার্যক্রম বাস্তবায়ন প্রক্রিয়ায় মতামত ও সুপারিশ প্রদান করবেন।</li> <li>৩. জামিনদার (নিশ্চয়তা বিধানকারী) হিসাবে আর্থ-সামাজিক স্কীম এবং চুক্তিপত্রে স্কীম গ্রহীতার পক্ষে স্বাক্ষর করবেন ও উপজেলা সমাজসেবা কার্যক্রম বাস্তবায়নে কমিটির সদস্যদের সমন্বয়ে সক্রিয় উদ্যোগ গ্রহণ করবেন।</li> <li>৪. তিনি গ্রাম কমিটির সকল সভায় সভাপতিত্ব করবেন এবং প্রয়োজনে কাষ্টিং ভোট প্রদান করতে পারবেন।</li> <li>৫. উপজেলা সমাজসেবা কার্যালয় হতে সরবরাহকৃত রেজিস্টারে সংশ্লিষ্ট তথ্যাদি লিপিবদ্ধ ও সংরক্ষণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন।</li> <li>৬. তিনি সংশ্লিষ্ট গ্রামের লক্ষ্যভুক্ত জনগোষ্ঠির মধ্যে ক্ষুদ্রঋণের অর্থ বিনিয়োগ/পুনঃবিনিয়োগ এবং অর্থ আদায়ের ক্ষেত্রে দায়িত্বশীল ভূমিকা পালন করবেন।</li> </ol>
২	সহ-সভাপতি	১ জন	<p>তিনি কার্যক্রম বাস্তবায়নে সভাপতিকে প্রয়োজনীয় সহায়তা দিবেন এবং সভাপতির অবর্তমানে তার দায়িত্ব পালন করবেন। তিনি কার্যক্রম বাস্তবায়নে দলনেতা, ইউনিয়ন সমাজকর্মী/ কারিগরি প্রশিক্ষক, ফিল্ড সুপারভাইজার এবং সমাজসেবা কর্মকর্তাকে সহযোগিতা প্রদান করবেন।</p>

ক্রম	পদবী	সংখ্যা	দায়িত্ব ও কর্তব্য
৩	সম্পাদক (পদাধিকার বলে ইউনিয়ন সমাজকর্মী/ কারিগরী প্রশিক্ষক)	১ জন	<ol style="list-style-type: none"> <li>১. গ্রামের লক্ষ্যভুক্ত পরিবারসমূহকে নিয়ে কর্মদল গঠন এবং দলনেতাদের হাতে কলমে প্রশিক্ষণের মাধ্যমে দায়িত্বশীল ও কর্মক্ষম করার লক্ষ্যে সক্রিয় ভূমিকা পালন করবেন।</li> <li>২. তিনি নীতিমালা অনুযায়ী আর্থ-সামাজিক স্কীমের জন্য পরিবার বাছাই, স্কীম প্রণয়ন, ঋণ বিতরণ, কিস্তি আদায়, আদায়কৃত অর্থ ব্যাংক হিসাবে জমাদান এবং সংশ্লিষ্ট রেজিস্টার সমূহ লিপিবদ্ধ ও সংরক্ষণ করবেন।</li> <li>৩. তিনি দলীয় সভায় উপস্থিত থেকে দলকে সুসংগঠিত ও সক্রিয় রাখতে প্রয়োজনীয় ভূমিকা পালন করবেন।</li> <li>৪. তিনি সভাপতির সাথে আলোচনাক্রমে সভার আলোচ্যসূচী নির্ধারণ করবেন এবং সভায় গৃহীত সিদ্ধান্তাবলী ও সুপারিশসমূহ রেজিস্টারে লিপিবদ্ধ করবেন।</li> <li>৫. তিনি সহকারী সম্পাদককে সক্রিয় সহযোগিতা দানের মাধ্যমে হাতে কলমে শিক্ষা দিবেন যাতে তার অবর্তমানে সহকারী সম্পাদক দায়িত্ব পালনে সক্ষম হন।</li> <li>৬. গ্রামের লক্ষ্যভুক্ত পরিবারের গৃহ পরিদর্শন, সমস্যা চিহ্নিতকরণ, সমস্যা সমাধান প্রদান, গ্রাম কমিটির সদস্যদের সকল প্রকার কর্মসম্পাদনে সম্পৃক্তকরণ এবং বিভিন্ন স্কীম ও চুক্তিপত্রে সরকার পক্ষে সাক্ষী হিসাবে স্বাক্ষর করবেন।</li> <li>৭. কার্যক্রমভুক্ত গ্রামের আদায়কৃত অর্থ ২৪ ঘণ্টার মধ্যে নির্ধারিত ব্যাংক হিসাবে জমা করবেন। আদায়ের পর যদি ব্যাংক বন্ধ থাকে তবে খোলার দিন আদায়কৃত অর্থ ব্যাংকের সংশ্লিষ্ট হিসাবে জমা প্রদান করবেন।</li> <li>৮. নির্ধারিত রশিদ ব্যতিরেকে ঋণের অর্থ আদায় করতে পারবেন না।</li> <li>৯. ঋণের অর্থ আদায়ের ব্যাপারে অন্য কাউকে দায়িত্ব প্রদান ও রশিদ বহি হস্তান্তর করতে পারবেন না।</li> <li>১০. এছাড়া কতৃপক্ষ নির্দেশিত কার্যক্রম সংক্রান্ত অন্যান্য দায়িত্ব পালন।</li> <li>১১. তিনি সংশ্লিষ্ট গ্রামের লক্ষ্যভুক্ত জনগোষ্ঠীর মধ্যে ক্ষুদ্রঋণের অর্থ বিনিয়োগ/পুনঃবিনিয়োগ এবং অর্থ আদায়ের ক্ষেত্রে দায়িত্বশীল ভূমিকা পালন করবেন।</li> </ol>
৪	সহকারী সম্পাদক	১ জন	<ol style="list-style-type: none"> <li>১. সকল প্রকার কার্যক্রম বাস্তবায়নে সম্পাদককে সহযোগিতা প্রদান করবেন এবং সম্পাদকের অনুপস্থিতিতে তার দায়িত্ব পালন করবেন।</li> <li>২. তিনি সংশ্লিষ্ট গ্রামের লক্ষ্যভুক্ত জনগোষ্ঠীর মধ্যে ক্ষুদ্রঋণের অর্থ বিনিয়োগ/পুনঃবিনিয়োগ এবং অর্থ আদায়ের ক্ষেত্রে দায়িত্বশীল ভূমিকা পালন করবেন।</li> </ol>
৫	কোষাধ্যক্ষ	১ জন	<ol style="list-style-type: none"> <li>১. আর্থিক বিষয়ে সভাপতি ও সম্পাদককে সাহায্য করবেন এবং কার্যক্রমভুক্ত গ্রামের সংশ্লিষ্ট রেকর্ডপত্র সংরক্ষণেও সহায়তা করবেন।</li> <li>২. তিনি সংশ্লিষ্ট গ্রামের লক্ষ্যভুক্ত জনগোষ্ঠীর মধ্যে ক্ষুদ্রঋণের অর্থ বিনিয়োগ/পুনঃবিনিয়োগ এবং অর্থ আদায়ের ক্ষেত্রে দায়িত্বশীল ভূমিকা পালন করবেন।</li> </ol>
৬	নির্বাহী সদস্য	২ জন	<ol style="list-style-type: none"> <li>১. নির্বাহী সদস্যগণ নিয়মিত সভায় উপস্থিত থাকবেন। নিজ নিজ দলের অগ্রগতি ও সমস্যাবলী উপস্থাপন, সঠিক সিদ্ধান্ত গ্রহণ এবং স্ব স্ব ক্ষেত্রে গৃহীত সিদ্ধান্ত বাস্তবায়নে সক্রিয় ভূমিকা রাখবেন। তাছাড়া সভাপতি ও সহ-সভাপতির অনুপস্থিতিতে জ্যেষ্ঠ সদস্য সভার সভাপতিত্ব করবেন।</li> <li>২. তিনি সংশ্লিষ্ট গ্রামের লক্ষ্যভুক্ত জনগোষ্ঠীর মধ্যে ক্ষুদ্রঋণের অর্থ বিনিয়োগ/পুনঃবিনিয়োগ এবং অর্থ আদায়ের ক্ষেত্রে দায়িত্বশীল ভূমিকা পালন করবেন।</li> </ol>

## ২.২১ গ্রাম কমিটির কর্মপরিস্থিতি ও মেয়াদকাল

১. গ্রাম কমিটি কার্যক্রম বাস্তবায়ন সংক্রান্ত সকল দায়িত্ব পালন করবে।
২. কার্যক্রম সূষ্ঠা পরিচালনার জন্য গ্রাম কমিটি প্রতি দুই মাসে ন্যূনতম ১ বার সভায় মিলিত হবে। সভায় দলভিত্তিক কর্মসূচীর অগ্রগতি, সমস্যাবলী পর্যালোচনা এবং সমাধানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে।
৩. গ্রাম কমিটি সভার সিদ্ধান্তাবলী এবং কর্মসূচি সংক্রান্ত সংক্ষিপ্ত প্রতিবেদন ইউনিয়ন সমাজকর্মী/কারিগরি প্রশিক্ষকের মাধ্যমে উপজেলা সমাজসেবা কার্যালয়ে প্রেরণ করবে।
৪. গ্রাম কমিটির মেয়াদকাল হবে ৩ (তিন) বৎসর। কমিটি গঠনের তারিখ হতে কমিটির মেয়াদ গণনা করা হবে। কমিটির মেয়াদ পূর্তির ১ (এক) মাস পূর্বে উপজেলা সমাজসেবা অফিসার অবশ্যই গ্রাম কমিটি পুনর্গঠন করবেন।
৫. গ্রাম কমিটি লক্ষ্যভুক্ত পরিবারের মধ্য হতে সকল ধরনের কর্মসূচির জন্য অগ্রাধিকার ভিত্তিতে প্রাথমিকভাবে ক্ষুদ্রঋণ পরিবার নির্বাচন করবে এবং অনুমোদনের জন্য সুপারিশসহ উপজেলা সমাজসেবা কার্যালয়ে প্রেরণ করবে।
৬. উপজেলা পল্লী সমাজসেবা কার্যক্রম বাস্তবায়ন কমিটির সহযোগিতায় গ্রামের সার্বিক উন্নয়নের লক্ষ্যে গ্রাম কমিটি দলীয় ও আন্তঃ দলীয় খেলাধুলা, চিত্তবিনোদন ও সকল কর্মদলের সমন্বয়ে ষাণ্মাসিক পর্যালোচনা সভা (প্রতি বৎসর জানুয়ারী ও জুলাই মাসে) অনুষ্ঠানের ব্যবস্থা করবে।
৭. প্রতি অর্থ বছরের শুরুতে সকল কর্মসূচি বাস্তবায়নের লক্ষ্যমাত্রা নির্ধারণ পূর্বক বার্ষিক কর্মপরিকল্পনা প্রণয়ন করবে এবং সঠিক তদারকির মাধ্যমে লক্ষ্যমাত্রা অর্জনে সম্মিলিত উদ্যোগ গ্রহণ করবে। অর্থ বছর শেষে লক্ষ্যমাত্রা অর্জনের সফলতা ও বিফলতা নিরূপণের জন্য মূল্যায়নের ব্যবস্থা করবে এবং পরবর্তী প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করবে।
৮. গ্রাম পর্যায়ে পরিদর্শন রেজিস্টার সংরক্ষণ। উপ-পরিচালক, উপজেলা সমাজসেবা কর্মকর্তা, ফিল্ড সুপারভাইজার, ইউনিয়ন সমাজকর্মী, কারিগরি প্রশিক্ষক গ্রাম পরিদর্শন করে মন্তব্যসহ রেজিস্টারে স্বাক্ষর করবেন। উপজেলা পল্লী সমাজসেবা কার্যক্রম বাস্তবায়ন কমিটির সদস্যগণও গ্রাম পরিদর্শন করে পরিদর্শন রেজিস্টারে মন্তব্য লিপিবদ্ধ করতে পারবেন।

## ২.২২ সমাজসেবা গণমিলনায়তন কেন্দ্র নির্মাণ, রক্ষণাবেক্ষণ ও মেরামত

পল্লী সমাজসেবা কার্যক্রমের আওতায় বিভিন্ন কর্মসূচি পরিচালনার জন্য সমাজসেবা গণমিলনায়তন কেন্দ্র নির্মাণ/ রক্ষণাবেক্ষণের জন্য নিম্নরূপ ব্যবস্থা গ্রহণ করতে হবে-

১. উপজেলা সদরে গণমিলনায়তন কাম উপজেলা সমাজসেবা কার্যালয় নির্মাণের জন্য উপজেলা কর্তৃপক্ষের মাধ্যমে পরিষদ চত্বরে বিনামূল্যে সদর দফতর কর্তৃক নির্ধারিত পরিমাণ জমি সংগ্রহ করে সমাজসেবা অধিদফতরের পক্ষে মহাপরিচালক বরাবর বরাদ্দ নিতে হবে।
২. গ্রাম পর্যায়ে গণমিলনায়তনের জন্য দানশীল ব্যক্তি/ গোষ্ঠীর নিকট হতে নির্ধারিত পরিমাণ জমি দানকৃত রেজিস্ট্রি মূলে সংগ্রহ করতে হবে। যদি কোন এলাকায় বিনামূল্যে জমি পাওয়া না যায় সে এলাকার কর্মদলের সদস্যগণ চাঁদা সংগ্রহের মাধ্যমে জমি ক্রয় করে সমাজসেবা অধিদফতরের পক্ষে মহাপরিচালক বরাবর দানপত্র দলিল রেজিস্ট্রি করতে হবে।
৩. গণমিলনায়তনের জমি সংগ্রহের ক্ষেত্রে সূষ্ঠা যোগাযোগ ব্যবস্থা, কার্যএলাকার কেন্দ্রস্থল, সুবিধা ভোগীদের যোগাযোগের সুবিধা ইত্যাদি বিষয় বিবেচনা করতে হবে।
৪. গণমিলনায়তন নির্মাণের জন্য সমাজসেবা অধিদফতর কর্তৃক বরাদ্দকৃত অর্থ সংকুলান না হলে উপজেলা পরিষদের উন্নয়ন সহায়ক তহবিল হতে অর্থ সংগ্রহপূর্বক নির্মাণ কাজ সম্পন্ন করতে হবে। উপজেলা পল্লী সমাজসেবা কার্যক্রম বাস্তবায়ন কমিটি এ ব্যাপারে উদ্যোগী ভূমিকা পালন করবে।

৫. গণমিলনায়তন কেন্দ্র নির্মাণের জন্য বরাদ্দকৃত অর্থ কোন অবস্থাতেই অন্য কোন খাতে ব্যবহার করা যাবে না।
৬. মেরামতযোগ্য গণমিলনায়তন মেরামত ও রক্ষণাবেক্ষণের জন্য উপজেলা পরিষদ উন্নয়ন সহায়ক তহবিল হতে অর্থ সংগ্রহ করা যেতে পারে।
৭. গণমিলনায়তনের জন্য সংগৃহিত জমি সমাজসেবা অধিদফতরের পক্ষে মহাপরিচালক বরাবর নামজারী করতে হবে এবং নিয়মিত ভূমি উন্নয়ন কর পরিশোধ করতে হবে।
৮. গণমিলনায়তন কেন্দ্রের জমির দলিল, নাম জারীর কাগজ পত্রাদি, বাৎসরিক খাজনার দেয় রশিদ এবং এতদসংক্রান্ত অন্যান্য কাগজপত্রাদি যথাযথভাবে সংরক্ষণ করতে হবে।
৯. নদী ভাঙ্গান, প্রাকৃতিক দুর্যোগজনিত কারণে গণমিলনায়তন কেন্দ্র ক্ষতিগ্রস্ত হলে এবং কেন্দ্রটি মেরামত যোগ্য হলে উপজেলা সমাজসেবা কর্মকর্তা সংশ্লিষ্ট উপ-পরিচালকের মাধ্যমে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সদর দফতরকে অবহিত করবেন এবং উপজেলা পল্লী সমাজসেবা কার্যক্রম বাস্তবায়ন কমিটির মাধ্যমে পরবর্তী ব্যবস্থা গ্রহণ করবেন।
১০. গণমিলনায়তন কেন্দ্র রক্ষণাবেক্ষণের দায়িত্ব উপজেলা সমাজসেবা কর্মকর্তার তত্ত্ববধানে সংশ্লিষ্ট গ্রাম কমিটির উপর ন্যস্ত থাকবে।
১১. গণমিলনায়তন কেন্দ্র মেরামতের প্রয়োজন দেখা দিলে স্থানীয় প্রকৌশলীর সহায়তায় প্রাক্কলন তৈরি পূর্বক উপজেলা পল্লী সমাজসেবা কার্যক্রম বাস্তবায়ন কমিটির সুপারিশক্রমে অর্থ বরাদ্দের প্রস্তাব সদর কার্যালয়ে প্রেরণ করতে হবে।

## ২.২৩ সমাজসেবা গণমিলনায়তন কেন্দ্র ব্যবহার

কার্যক্রমভূক্ত এলাকার যাবতীয় কার্যক্রম বাস্তবায়ন ও পরিচালনার কেন্দ্রবিন্দু হিসাবে সমাজসেবা গণমিলনায়তন কেন্দ্র ব্যবহৃত হবে। উপজেলা সদরে অবস্থিত কেন্দ্রটি উপজেলা সমাজসেবা কার্যালয় হিসেবে ব্যবহৃত হবে এবং অন্যান্য কেন্দ্রসমূহ নিম্নবর্ণিত কাজে ব্যবহৃত হবেঃ

১. গ্রাম কমিটির কার্যালয়;
২. লক্ষ্যভূক্ত পরিবারের বহুমুখী প্রশিক্ষণ কেন্দ্র;
৩. প্রাথমিক শিক্ষা ও সাক্ষরতা কর্মসূচি;
৪. সামাজিক ও সাংস্কৃতিক অনুষ্ঠান পরিচালনা;
৫. গ্রামের বিভিন্ন কল্যাণমূলক কাজ পরিচালনা;
৬. মা ও শিশু স্বাস্থ্য প্রশিক্ষণ কেন্দ্র;
৭. পরিবার পরিকল্পনা প্রশিক্ষণ ও সেবা কেন্দ্র;
৮. বৃত্তিমূলক প্রশিক্ষণ কর্মসূচি পরিচালনা ;
৯. সমাজসেবা গ্রাম কমিটির সভা ও প্রশিক্ষণ;
১০. বিবাহ ও অন্যান্য সামাজিক অনুষ্ঠান;
১১. অন্যান্য বিবিধ কার্যক্রম যা সামাজিক ও ধর্মীয়ভাবে গ্রহণযোগ্য, তবে রাজনৈতিক\_কর্মকান্ডে ব্যবহার করা যাবে না;
১২. উপজেলা পল্লী সমাজসেবা কার্যক্রম বাস্তবায়ন কমিটির অনুমোদনক্রমে সামাজিক অন্যান্য জন কল্যাণমূলক কাজে ব্যবহার করা যাবে;
১৩. গণমিলনায়তন কেন্দ্রের চতুর্দিকে ফলজ, বনজ ও ঔষধি বৃক্ষরোপন করতে হবে; প্রতিটি গণমিলনায়তন কেন্দ্রে একটি সাইনবোর্ড স্থাপন করতে হবে।

## ৩য় অধ্যায়

### কার্যক্রমের আওতাভুক্ত বিভিন্ন কর্মসূচি বাস্তবায়ন

#### ৩.১ কার্যক্রমে নিয়োজিত কর্মকর্তা, মাঠকর্মী, কর্মদল এবং গ্রাম কমিটির সদস্যদের প্রশিক্ষণ

কার্যক্রম বাস্তবায়নের শুরুতেই উপজেলা সমাজসেবা কর্মকর্তা কর্তৃক ফিল্ড সুপারভাইজার ও মাঠ পর্যায়ে নিয়োজিত কর্মীগনসহ গ্রাম কমিটির সদস্যদের কার্যক্রমের উদ্দেশ্য, লক্ষ্যমাত্রা নির্ধারণ ও বাস্তবায়ন কৌশলের উপর প্রয়োজনীয় প্রশিক্ষণ প্রদান করতে হবে। কার্যক্রম পরিচালনার পাশাপাশি লাগসই বাস্তবায়ন কৌশল প্রয়োগের জন্য পর্যায়ক্রমে পর্যালোচনামূলক ও সতেজক প্রশিক্ষণের ব্যবস্থা করতে হবে। জাতীয় সমাজসেবা একাডেমী ও আঞ্চলিক প্রশিক্ষণ কেন্দ্রে অনুরূপ প্রশিক্ষণের আয়োজন করা যেতে পারে। উপজেলা সমাজসেবা কর্মকর্তা ও ফিল্ড সুপারভাইজার কর্মদল এবং গ্রাম কমিটির সদস্যদের প্রশিক্ষণ প্রদান করবেন।

#### ৩.২ আর্থ-সামাজিক স্কীম (ক্ষুদ্র ঋণ কার্যক্রম) বাস্তবায়ন

১. কর্মদলের অন্তর্গত লক্ষ্যভুক্ত পরিবারের আর্থ-সামাজিক উন্নয়নের লক্ষ্যে ঘূর্ণায়মান তহবিল হতে ঋণ প্রদান করা যাবে।
২. পল্লী সমাজসেবা কার্যক্রমের মাধ্যমে গ্রামের লক্ষ্যভুক্ত সকল পরিবারকে আয়বর্ধক কর্মসূচির (চাহিদা অনুযায়ী) সুবিধা প্রদান নিশ্চিত করতে হবে। বর্তমান প্রেক্ষাপটে প্রতিটি পরিবারকে স্কীম ভেদে ৫০০০ (পাঁচ হাজার) হতে ৩০০০০/- (ত্রিশ হাজার টাকা পর্যন্ত ঋণ প্রদান করা যাবে এবং ঋণের টাকা অনুমোদিত স্কীমের বিপরীতেই ব্যবহার করতে হবে।
৩. স্কীম পরিবর্তনের প্রয়োজন দেখা দিলে উপজেলা সমাজসেবা কর্মকর্তা এর অনুমোদন গ্রহণ করতে হবে। আয়বর্ধক কর্মসূচির পাশাপাশি অন্যান্য সামাজিক কার্যক্রম বাস্তবায়ন নিশ্চিত করতে হবে।
৪. কর্মদলের দলীয় সভায় অগ্রাধিকার ভিত্তিতে আনুপাতিকহারে 'ক' শ্রেণীভুক্ত পরিবার হতে আর্থ-সামাজিক স্কীমের জন্য প্রাথমিকভাবে পরিবার বাছাই করতে হবে। পর্যায়ক্রমে 'খ' শ্রেণীভুক্ত পরিবারকেও এ কার্যক্রমের অন্তর্ভুক্ত করা যাবে।
৫. পরিবার বাছাইয়ের ক্ষেত্রে ২.৬ অনুচ্ছেদ অনুসরণ করতে হবে এবং অন্য কোন সংস্থা হতে ঋণ গ্রহণ করেন নি মর্মে তা নিশ্চিত হতে হবে।
৬. প্রতিটি কার্যক্রমভুক্ত গ্রামে কমপক্ষে ১,০০,০০০/- (এক লক্ষ) টাকা বিনিয়োগ করতে হবে এবং ঐ গ্রামে মূল বিনিয়োগের সমপরিমাণ সার্ভিস চার্জ না হওয়া পর্যন্ত অন্য গ্রামে মূল তহবিল স্থানান্তর করা যাবে না।
৭. **বাস্তবায়ন ব্যয়নির্বাহ:** কর্মসূচি বাস্তবায়ন ব্যয় নির্বাহের জন্য নতুনভাবে প্রাপ্ত বরাদ্দ হতে সর্বোচ্চ ১% অর্থ মহাপরিচালক, সমাজসেবা অধিদপ্তর এর অনুমোদনক্রমে (বিভিন্ন ফরম রেজিস্টার, রশিদ বহিসহ প্রয়োজনীয় বিবিধ আনুষঙ্গিক খাতে) ব্যয় করা যেতে পারে।

### ৩.৩ আর্থ-সামাজিক স্কিমের জন্য পরিবার বাছাই

১. ২.৬ অনুচ্ছেদে বর্ণিত কার্যাদি নিয়মিত ও সুষ্ঠুভাবে সম্পাদন সাপেক্ষে দলীয় সভায় পর্যালোচনাক্রমে প্রাথমিকভাবে আর্থ-সামাজিক স্কিমের জন্য পরিবার বাছাই করতে হবে এবং বাছাইকৃত স্কিম পরবর্তী ব্যবস্থা গ্রহণের জন্য ইউনিয়ন সমাজকর্মী/কারিগরী প্রশিক্ষকের মাধ্যমে গ্রাম কমিটির নিকট পেশ করতে হবে।
২. দলীয় সভায় বাছাইকৃত স্কিম গ্রহিতা পরিবারের তালিকা পাওয়ার পর ইউনিয়ন সমাজকর্মী/কারিগরী প্রশিক্ষক তালিকাভুক্ত প্রত্যেকটি পরিবার দর্শন ও পর্যবেক্ষন করবেন এবং স্কিম গ্রহিতাদের সংগে আলোচনাক্রমে স্কিম গ্রহীতার সামাজিক অবস্থান, আর্থিক ও কারিগরী যোগ্যতা এবং কিস্তি পরিশোধের সক্ষমতা সম্পর্কে নিশ্চিত হবে।
৩. পরিবার দর্শন এবং পর্যবেক্ষনে স্কিম গ্রহিতা পরিবার ও প্রস্তাবিত স্কিমের যথার্থতা প্রমাণিত হলে ইউনিয়ন সমাজকর্মী/কারিগরী প্রশিক্ষক নির্ধারিত স্কিম ফরমে স্কিম প্রণয়ন করবেন এবং গ্রাম কমিটির সভাপতির সঙ্গে আলোচনাক্রমে সভা আহ্বান করবেন।
৪. গ্রাম কমিটির সভায় উপস্থাপিত স্কিমগুলো যথার্থ বিবেচিত হলে কমিটির সিদ্ধান্ত মোতাবেক প্রাথমিকভাবে অনুমোদন করবে এবং সুপারিশসহ চূড়ান্ত অনুমোদনের জন্য উপজেলা সমাজসেবা কার্যালয়ে জমা দিবেন (স্কিম ফরম সংযুক্ত)।
৫. ফিল্ড সুপারভাইজার প্রতিটি স্কিম গ্রহিতা পরিবার কমপক্ষে একবার দর্শন এবং স্কিম গ্রহিতার সঙ্গে আলোচনাক্রমে স্কিমের সঠিক বাস্তবায়ন ও কিস্তি আদায় সম্পর্কে নিশ্চিত হয়ে সুপারিশসহ উপজেলা সমাজসেবা কর্মকর্তার নিকট পেশ করবেন।
৬. উপজেলা সমাজসেবা কর্মকর্তা কমপক্ষে একবার গ্রামে গিয়ে নমুনা ভিত্তিতে স্কিম গ্রহিতাদের পরিবার দর্শন, আলোচনা এবং পর্যবেক্ষন করে স্কিম বাস্তবায়ন এবং কিস্তি আদায় সম্পর্কে নিশ্চিত হয়ে চূড়ান্ত অনুমোদনের জন্য উপজেলা পল্লী সমাজসেবা কার্যক্রম বাস্তবায়ন কমিটির সভায় উপস্থাপন করবেন।

### ৩.৪ স্কিম অনুমোদন ও ঋণ বিতরণ

১. উপজেলা পল্লী সমাজসেবা কার্যক্রম বাস্তবায়ন কমিটি(ইউপিআইসি) এর সভায় গ্রাম কমিটি হতে প্রাপ্ত স্কিমের বিষয় পর্যালোচনাক্রমে প্রতি স্কিমের বিপরীতে ৫০০০/- (পাঁচ হাজার) টাকা হতে ৩০,০০০/- (ত্রিশ হাজার) টাকা পর্যন্ত স্কিম চূড়ান্তভাবে অনুমোদন করবে। স্কিমের আবেদন ও চুক্তিপত্র ফরমে ইউপিআইসি-র পক্ষে উপজেলা সমাজসেবা কর্মকর্তা সদস্য সচিব হিসাবে স্বাক্ষর করবেন। গ্রামওয়ারী ঋণ গ্রহীতার তালিকায় স্কিমের নাম ও অনুমোদিত টাকার পরিমাণ ইউপিআইসি সভার কার্যবিবরণীতে লিপিবদ্ধ করতে হবে।
২. অনুমোদিত স্কিমসমূহের বিপরীতে ঋণ বিতরণের পূর্বে নির্ধারিত ফরমে স্কিম গ্রহিতার সঙ্গে চুক্তিপত্র সম্পাদন করতে হবে (চুক্তিপত্র ফরম সংযুক্ত-পরিশিষ্ট )।
৩. ঋণ বিতরণের পূর্বে স্কিম বাস্তবায়ন, কিস্তি পরিশোধ, তহবিল সংরক্ষণ ইত্যাদি বিষয়ে স্কিম গ্রহিতাদের ০১ (এক) দিনের ওরিয়েন্টেশন দিতে হবে। ওরিয়েন্টেশন অনুষ্ঠানে জেলার উপ-পরিচালক, পল্লী সমাজসেবা কার্যক্রম বাস্তবায়ন কমিটির সদস্য এবং গ্রাম কমিটির সদস্যদের উপস্থিত থাকার জন্য আমন্ত্রণ জানাতে হবে।
৪. ঋণ বিতরণের ০১ (এক) সপ্তাহ পূর্বে স্কিম গ্রহিতাদের অবগতকরণ পূর্বক সংশ্লিষ্ট গ্রামে গিয়ে আনুষ্ঠানিকভাবে স্কিম গ্রহিতাদের মধ্যে নগদ অর্থ বিতরণ করতে হবে। জেলার উপ-পরিচালক এবং উপজেলা নির্বাহী কর্মকর্তাকে উক্ত ঋণ বিতরণ অনুষ্ঠানে উপস্থিত থাকার জন্য আমন্ত্রণ জানাতে হবে। ঋণ বিতরণ রেজিস্টারে ঋণগ্রহীতা এবং সংশ্লিষ্ট গ্রামে নিয়োজিত ইউনিয়ন সমাজকর্মী/কারিগরী প্রশিক্ষক, ফিল্ড সুপারভাইজার ও উপজেলা সমাজসেবা কর্মকর্তা স্বাক্ষর করবেন। ক্ষেত্রবিশেষে বিশেষ প্রয়োজনে উপজেলা নির্বাহী অফিসারের পরামর্শক্রমে উপজেলা সদরে ঋণের অর্থ বিতরণের ব্যবস্থা গ্রহণ করা যেতে পারে।

৫. ঋণ গ্রহীতাদের মধ্যে ঋণের অর্থ নগদ/চেকে উপজেলা সমাজসেবা অফিসার ঋণ গ্রহীতার হাতে পৌঁছানো নিশ্চিত করবেন।
৬. উপজেলা পল্লী সমাজসেবা কার্যক্রম বাস্তবায়ন কমিটির অনুমোদন ব্যতীত ঘূর্ণায়মান তহবিলের অর্থ বিনিয়োগ ও পুনঃবিনিয়োগের জন্য ব্যাংক হতে উত্তোলন করা যাবে না। কোন অবস্থাতেই ব্যাংক হতে উত্তোলন এবং বিতরণ করা যাবে না। সকল বিনিয়োগ ও পুনঃবিনিয়োগের ক্ষেত্রে তা প্রযোজ্য হবে।

### ৩.৫ ঘূর্ণায়মান তহবিলের হিসাব সংরক্ষণ ও বিনিয়োগ

১. সমাজসেবা অধিদফতরের নিজস্ব তহবিলের ক্ষেত্রে সদর দফতর হতে বরাদ্দকৃত ঘূর্ণায়মান তহবিলের অর্থ স্থানীয় ট্রেজারী হতে উত্তোলন পূর্বক সংশ্লিষ্ট উপজেলা নির্বাহী কর্মকর্তা ও উপজেলা সমাজসেবা কর্মকর্তার যৌথ স্বাক্ষরে তফসীলভুক্ত স্থানীয় যেকোন ব্যাংকে ‘পল্লী সমাজসেবা কার্যক্রম ঘূর্ণায়মান তহবিল, ..... উপজেলা’ শিরোনামে চলতি হিসাবে জমা রাখতে হবে।
২. নীতিমালা অনুযায়ী ঘূর্ণায়মান তহবিলের অর্থ লক্ষ্যভুক্ত জনগোষ্ঠীর আর্থ-সামাজিক উন্নয়ন কর্মসূচিতে বিনিয়োগ করতে হবে। উক্ত অর্থ আয়বর্ধক কর্মসূচি ব্যতীত অন্য কোন খাতে ব্যবহার করতে পারবেনা।
৩. উক্ত চলতি ব্যাংক হিসাবে জমা এবং উত্তোলিত অর্থের যাবতীয় হিসাব উপজেলা সমাজসেবা কার্যালয়ে একটি ক্যাশ বহি (মূল) তে লিপিবদ্ধকরণ এবং রেজিস্টার, লেজার ও অন্যান্য নথিপত্র ধারাবাহিকভাবে সংরক্ষণ করতে হবে।
৪. বরাদ্দপ্রাপ্ত অর্থ খাত ওয়ারী পৃথক পৃথক ব্যাংক হিসাবে জমা রাখতে হবে এবং ক্যাশ বহি ও অন্যান্য রেকর্ডপত্রাদি পৃথকভাবে সংরক্ষণ করতে হবে।
৫. বরাদ্দপ্রাপ্ত অর্থ ট্রেজারী হতে উত্তোলনের এক মাসের মধ্যে কার্যক্রমভুক্ত গ্রামে বাস্তবায়ন নীতিমালা অনুযায়ী ক্ষুদ্রঋণ হিসেবে বিতরণ করতে হবে।
৬. কার্যক্রমভুক্ত গ্রামের সকল লক্ষ্যভুক্ত পরিবারকে পর্যায়ক্রমে আর্থ-সামাজিক স্কীমে ক্ষুদ্রঋণ প্রদান করতে হবে।
৭. একজন ঋণগ্রহীতাকে প্রয়োজনে সর্বাধিক ০৩ (তিন) বার ক্ষুদ্রঋণ প্রদান করা যাবে।
৮. ঋণগ্রহীতাকে অনুমোদিত স্কীমের ঋণের অর্থ ব্যবহার করতে হবে।

### ৩.৬ স্কীম/ঋণ গ্রহীতা পরিবারের অগ্রগতি ও পুনঃস্কীম প্রদান

১. আর্থ-সামাজিক স্কীম পরিচালনার পাশাপাশি স্কীম গ্রহীতা পরিবারকে ২.৬ অনুচ্ছেদে বর্ণিত সামাজিক কার্যাদি সম্পাদন করতে হবে।
২. কোন স্কীম গ্রহীতা যদি ১ম বার মূলধন গ্রহণের পর সময়মত কিস্তি পরিশোধ, দলীয় সঞ্চয় জমা এবং বিভাগীয় নিয়মকানুন সঠিকভাবে মেনে চলে ও পুনঃ ঋণ পেতে আগ্রহী হয় তবে গ্রাম কমিটির সুপারিশের ভিত্তিতে তাকে পুনরায় মূলধন প্রদান করা যাবে। এরূপক্ষেত্রে ঋণ গ্রহীতাকে পরিবারের আয়-ব্যয়ের হিসাব সংরক্ষণের ন্যূনতম জ্ঞান লাভ করতে হবে।
৩. একজন স্কীম গ্রহীতাকে তার সফলতার ভিত্তিতে তৃতীয়বার পর্যন্ত মূলধন দেয়া যেতে পারে। সেক্ষেত্রে স্কীম গ্রহীতাকে শর্ত মোতাবেক অন্যান্য সকল কাজ সম্পন্ন করতে হবে। ২য় এবং ৩য় বার ঋণ প্রদানের ক্ষেত্রে স্কীম গ্রহীতাকে স্কীমের বিপরীতে যথাক্রমে ৩০% এবং ৫০% ভাগ অর্থ নিজস্ব তহবিল হতে যোগান দিতে হবে।
৪. লক্ষ্যভুক্ত পরিবারের সদস্যকে একাধিক খাত হতে ঋণ প্রদান করা যাবে না।

## ৩.৭ মূলধন / কিস্তি পরিশোধ

১. ঋণ গ্রহণের ২ (দুই) মাস পর হতে মাসিক কিস্তি পরিশোধ শুরু হবে এবং ১০% সার্ভিস চার্জসহ সমান ১০ কিস্তিতে (১০ মাসে) সাকুল্য অর্থ পরিশোধ করতে হবে। অন্যান্য ক্ষেত্রে স্কীমের ধরণ অনুযায়ী (যেমন- গাভী পালন, গরু মোটাতাজাকরণ কিংবা ফসল উৎপাদন ইত্যাদি) উপজেলা পল্লী সমাজসেবা কার্যক্রম বাস্তবায়ন কমিটি (ইউপিআইসি) এর অনুমোদনক্রমে ১ বৎসর/ষান্মাসিকের মধ্যে সার্ভিস চার্জসহ এককালীন কিস্তি নির্ধারণ পূর্বক আদায় করা যাবে।
২. বিনিয়োগ ও পুনঃবিনিয়োগের অর্থ থেকে আদায়কৃত মূলধনের অর্থ ‘..... গ্রাম ঘূর্ণায়মান তহবিল(মূল)’ নামে স্থানীয় তফসিলভুক্ত ব্যাংকে পরিচালিত সঞ্চয়ী হিসাবে জমা রাখতে হবে। উক্ত ব্যাংক হিসাব উপজেলা সমাজসেবা কর্মকর্তা ও সংশ্লিষ্ট ইউনিয়ন সমাজকর্মী/কারিগরি প্রশিক্ষকের যৌথ স্বাক্ষরে পরিচালিত হবে।
৩. বিনিয়োগ/পুনঃবিনিয়োগ হতে আদায়কৃত সার্ভিস চার্জের অর্থ ‘..... গ্রামের সার্ভিস চার্জ ব্যবহার’ নামে স্থানীয় তফসিলভুক্ত ব্যাংকে পরিচালিত সঞ্চয়ী হিসাবে জমা রাখতে হবে। উক্ত ব্যাংক হিসাব উপজেলা সমাজসেবা কর্মকর্তা ও সংশ্লিষ্ট ইউনিয়ন সমাজকর্মী/কারিগরি প্রশিক্ষকের যৌথ স্বাক্ষরে পরিচালিত হবে।
৪. কার্যক্রমভুক্ত গ্রামের তুলনায় ইউনিয়ন সমাজকর্মীর সংখ্যা কম হলে কারিগরি প্রশিক্ষক ঋণের কিস্তি আদায় করতে পারবেন। এটি কারিগরি প্রশিক্ষকের নিজ দায়িত্বের অতিরিক্ত হিসেবে বিবেচিত হবে এবং তিনি ইউনিয়ন সমাজকর্মীর অনুরূপ অন্যান্য সকল দায়িত্ব পালন করবেন।
৫. ইউনিয়ন সমাজকর্মী/কারিগরি প্রশিক্ষক সমাজসেবা অধিদফতরের নির্ধারিত রশিদ প্রদানের মাধ্যমে স্কীম গ্রহীতার নিকট হতে মাসিক কিস্তি আদায় করবেন এবং তাৎক্ষণিকভাবে কিস্তি আদায় রেজিস্টারে আদায়কৃত টাকার পরিমাণ, রশিদ নং ও তারিখ লিপিবদ্ধ করে স্বাক্ষর করবেন (কিস্তি আদায়ের রশিদ সংযুক্ত পরিশিষ্ট-গ)।
৬. আদায়কৃত মূলধন এবং সার্ভিস চার্জ ২৪ ঘণ্টার মধ্যে সংশ্লিষ্ট ব্যাংক হিসাবে জমা করবেন।
৭. নির্ধারিত রশিদ ব্যতীত কিস্তি আদায় করা যাবে না। নির্ধারিত রশিদ ব্যতীত কিস্তি আদায়ের জন্য সংশ্লিষ্ট আদায়কারী ব্যক্তিগতভাবে দায়ী হবেন। অনতিবিলম্বে তাঁর বিরুদ্ধে প্রশাসনিক ব্যবস্থা গ্রহণ করা না হলে ফিল্ড সুপারভাইজার ও উপজেলা সমাজসেবা কর্মকর্তা দায়ী হবেন।
৮. উপজেলা সমাজসেবা কার্যালয়ে রক্ষিত কিস্তি আদায় রেজিস্টারে ইউনিয়ন সমাজকর্মী/কারিগরি প্রশিক্ষক আদায়কৃত কিস্তির পরিমাণ, রশিদ নম্বর, তারিখ, লিপিবদ্ধ করে স্বাক্ষর করবেন। ফিল্ড সুপারভাইজার উপজেলা সমাজসেবা কার্যালয়ে রক্ষিত আদায় রেজিস্টার ইউনিয়ন সমাজকর্মী/কারিগরি প্রশিক্ষকের নিকট রক্ষিত আদায়ের রেজিস্টার, কিস্তি আদায়ের রশিদ ও ব্যাংক জমার রশিদের সঙ্গে মিল আছে কিনা তা পরীক্ষা করে দেখবেন ও প্রতিস্বাক্ষর করবেন। উক্ত অর্থ ব্যাংকে জমা হয়েছে কিনা তা ব্যাংকের সাথে যোগাযোগ করে নিশ্চিত হবেন। উপজেলা সমাজসেবা অফিসার উল্লিখিত বিষয়গুলো নিয়মিত ও নিবিড়ভাবে মনিটর ও তদারকি করবেন। উপ-পরিচালক পরিদর্শনকালে এ বিষয়টি মনিটর ও তদারকি করবেন।
৯. ইউনিয়ন সমাজকর্মী/ কারিগরি প্রশিক্ষক উপজেলা সমাজসেবা কার্যালয়ের পাক্ষিক/ মাসিক সভায় স্ব-স্ব এলাকার কার্যক্রমের অগ্রগতির প্রতিবেদন, কিস্তি আদায়ের রশিদ বহি, ব্যাংক জমা রশিদ বহি, ব্যাংকের পাশ বহি, কিস্তি আদায়ের রেজিস্টার উপস্থাপন করবেন। ফিল্ড সুপারভাইজার উক্ত রেকর্ড-পত্রাদির মধ্যে মিল আছে কিনা তা পরীক্ষা করে দেখবেন এবং অগ্রগতির প্রতিবেদন সঠিক আছে মর্মে স্বাক্ষর করবেন।
১০. ফিল্ড সুপারভাইজার ঋণের কিস্তি আদায়, আদায়কৃত অর্থ ব্যাংকে জমা এবং সংশ্লিষ্ট ক্যাশ বহিতে লিপিবদ্ধ করার বিষয়টি নিশ্চিত করবেন। উপজেলা সমাজসেবা অফিসার তা মনিটর ও তদারকি করবেন।



১১. আদায়কৃত অর্থ সংশ্লিষ্ট ব্যাংক হিসাবে জমা না হলে সংশ্লিষ্ট ইউনিয়ন সমাজকর্মী/ কারিগরী প্রশিক্ষক এর নিকট হতে উক্ত অর্থ আদায় পূর্বক ব্যাংকে জমা করতে হবে। অন্যথায় সংশ্লিষ্ট কর্মীর বিরুদ্ধে প্রশাসনিক ও আইনানুগ ব্যবস্থা গ্রহণ করতে হবে।
১২. ফিল্ড সুপারভাইজার ও উপজেলা সমাজসেবা কর্মকর্তা প্রতি মাসেই এ পদ্ধতিতে আদায়কৃত অর্থের হিসাব পরীক্ষা করবেন। এর কোন ব্যত্যয় ঘটলে সংশ্লিষ্ট ফিল্ড সুপারভাইজার এবং উপজেলা সমাজসেবা কর্মকর্তাকে কর্তব্যে অবহেলা এবং অর্থ আত্মসাতের সহযোগী হিসেবে বিবেচনা করা হবে।
১৩. ঋণ গ্রহীতার নিকট হতে যৌক্তিক কারণে কিস্তির অর্থ আদায় করা সম্ভব না হলে সে ক্ষেত্রে ঋণের বকেয়া অর্থ আদায় উক্ত ঋণ গ্রহীতার সঞ্চয়ের অর্থ হতে সমন্বয় করতে হবে। এরপরও যদি কোন অর্থ অনাদায়ী থাকে তবে উক্ত ঋণ গ্রহীতার বিরুদ্ধে উপজেলা পল্লী সমাজসেবা কার্যক্রম বাস্তবায়ন কমিটি (ইউপিআইসি) এর সুপারিশক্রমে পাবলিক ডিমান্ড রিকভারী (পিডিআর) এ্যাক্টের আওতায়/ফৌজদারী মামলা দায়ের করা যাবে।
১৪. চুক্তি অনুযায়ী কোন স্কীম গ্রহিতা নির্ধারিত সময়ে কিস্তি পরিশোধ না করলে কর্মদল, গ্রাম কমিটি, ইউনিয়ন সমাজকর্মী, কারিগরী প্রশিক্ষক, ফিল্ড সুপারভাইজার, উপজেলা সমাজসেবা কর্মকর্তা যৌথভাবে অর্থ আদায়ের প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করবেন। এছাড়াও বিষয়টি উপজেলা পল্লী সমাজসেবা কার্যক্রম বাস্তবায়ন কমিটি (ইউপিআইসি) এর সভায় উপস্থাপন করবেন এবং ইউপিআইসি এর সিদ্ধান্তক্রমে অর্থ আদায়ের ব্যবস্থা গ্রহণ করবেন।
১৫. কোন কারণে স্কীম গ্রহিতা আকস্মিক মৃত্যুবরণ করলে তার উত্তরাধীকারীগণ ঋণ পরিশোধ করবেন। যদি উত্তরাধীকারীগণের নিকট হতে অনাদায়ী অর্থ আদায় সম্ভব না হয়, তবে তার সঞ্চয় হতে আদায়পূর্বক সমন্বয় করা যাবে।
১৬. যদি মৃত ঋণ গ্রহিতার ঋণ তার পরিবার ও নিশ্চয়তা প্রদানকারী ব্যক্তি পরিশোধে অসমর্থ হন এমনকি সঞ্চয় হতেও সমন্বয় সম্ভব না হয়, নদী ভাংগন ও অন্যান্য প্রাকৃতিক বিপর্যয়ের কারণে যে সমস্ত ঋণ অনাদায়ী অথবা যে সমস্ত ঋণ গ্রহিতা এলাকা ত্যাগ করে অন্যত্র চলে গেছেন এবং দীর্ঘদিন যাদের খোঁজ পাওয়া যাচ্ছে না, এ সকল ঋণ আদায়ের/মওকুফের বিষয়ে উপজেলা পল্লী সমাজসেবা কার্যক্রম বাস্তবায়ন কমিটি (ইউপিআইসি) এর সিদ্ধান্তক্রমে সমাজসেবা অধিদফতরের সদর কার্যালয়ে প্রেরণ করতে হবে। এ বিষয়ে প্রশাসনিক মন্ত্রণালয় কর্তৃক অর্থ মন্ত্রণালয়ের অনুমোদন সাপেক্ষে সমাজসেবা অধিদফতর প্রয়োজনীয় সিদ্ধান্ত প্রদান/ আদেশ জারী করবেন।

### ৩.৮ ঘূর্ণায়মান তহবিল পুনঃবিনিয়োগ

১. কার্যক্রমভূক্ত গ্রামের একটি নির্দিষ্ট কর্মদলে বিনিয়োগকৃত ঘূর্ণায়মান তহবিল সার্ভিস চার্জসহ ৮০% নিয়মিত আদায় ও ব্যাংকে জমা হলে দলের অন্যান্য লক্ষ্যভূক্ত পরিবারের মধ্যে পুনঃবিনিয়োগ করা যাবে।
২. একজন ঋণগ্রহিতা নিয়মিত কিস্তি পরিশোধের মাধ্যমে ১০% সার্ভিস চার্জসহ সমুদয় অর্থ পরিশোধ করলে তাকে পুনরায় ঋণ প্রদান করা যাবে।
৩. একইসঙ্গে কোন ঋণ গ্রহিতাকে মূলধন এবং সার্ভিস চার্জ বা ব্যাংক সুদ হতে ঋণ প্রদান করা যাবে না।
৪. ঘূর্ণায়মান তহবিল পুনঃবিনিয়োগের ক্ষেত্রে লক্ষ্যভূক্ত নতুন পরিবার ঋণ সুবিধা গ্রহনে অগ্রাধিকার পাবে। প্রতি পুনঃবিনিয়োগ কমপক্ষে ২০% নতুন পরিবারকে ঋণ কার্যক্রমের আওতায় আনা যাবে।
৫. বিনিয়োগকৃত ঘূর্ণায়মান তহবিলের আদায়কৃত সার্ভিস চার্জের ৮০% আদায়ের পর তা পুনঃবিনিয়োগ করা যাবে।
৬. পুনঃবিনিয়োগের পূর্বে শুধুমাত্র নতুন ঋণ গ্রহিতাদের ০১ (এক) দিনের ওরিয়েন্টেশন দিতে হবে।
৭. পুনঃবিনিয়োগে স্কীম নির্বাচন, ঋণ বিতরণ সংক্রান্ত নিয়মাবলী ১ম বারের অনুরূপ হবে।

৮. পুনঃবিনিয়োগের ফেরৎ প্রাপ্ত অর্থ কার্যক্রমভূক্ত গ্রামের নামে পরিচালিত সংশ্লিষ্ট গ্রাম হিসাব খাতে জমা করতে হবে এবং একই পদ্ধতিতে ব্যাংক হিসাব পরিচালিত হবে। সার্ভিস চার্জসহ পুনঃবিনিয়োগকৃত ৮০% অর্থ আদায়ের ০১ (এক) মাসের মধ্যে পুনঃবিনিয়োগ করতে হবে।
৯. বিনিয়োগ ও পুনঃবিনিয়োগের ক্ষেত্রে উপজেলা পল্লী সমাজসেবা কার্যক্রম বাস্তবায়ন কমিটির অনুমোদন ব্যতীত কোন স্কীমে ঋণ প্রদান করা যাবে না।

### ৩.৯ সার্ভিস চার্জ ব্যবহার

১. সমাজসেবা অধিদফতর কর্তৃক বরাদ্দকৃত ঘূর্ণায়মান তহবিল বিনিয়োগ হতে প্রাপ্ত সার্ভিস চার্জের অর্থ ঐ গ্রামের নিজস্ব তহবিল হিসাবে গণ্য হবে।
২. কর্মসূচিভূক্ত গ্রাম হতে প্রাপ্ত সার্ভিস চার্জের ১০০% অর্থ পল্লী সমাজসেবা (RSS) কার্যক্রমের ঘূর্ণায়মান তহবিল হিসাবে ব্যবহৃত হবে। উক্ত অর্থ পল্লী সমাজসেবা (RSS) কার্যক্রমের বাস্তবায়ন নীতিমালা মোতাবেক সংশ্লিষ্ট গ্রামে ক্ষুদ্রঋণ হিসেবে বিনিয়োগ করা যাবে। এ অর্থ অন্য কোন খাতে ব্যবহার করা যাবে না।
৩. কোন কার্যক্রমভূক্ত গ্রামে কমপক্ষে ৮০% সার্ভিস চার্জের অর্থ আদায় হলে উক্ত অর্থ ঘূর্ণায়মান তহবিল হিসাবে বিনিয়োগ করা যাবে।
৪. বিনিয়োগকৃত সার্ভিস চার্জ হতে প্রাপ্ত সার্ভিস চার্জ উক্ত গ্রামের সার্ভিস চার্জের ব্যাংক হিসাবে জমা রাখতে হবে এবং উক্ত হিসাবের সমুদয় অর্থ ঘূর্ণায়মান তহবিল হিসাবে ব্যবহৃত হবে।
৫. সার্ভিস চার্জ বিনিয়োগ সংক্রান্ত স্কীমের আবেদন পত্র, চুক্তিপত্র, কিস্তি আদায় রেজিস্টার, ক্যাশ বই ইত্যাদি পৃথকভাবে লিপিবদ্ধ ও সংরক্ষণ করতে হবে।
৬. সার্ভিস চার্জ বিনিয়োগ/পুনঃবিনিয়োগের উপর ১০% হারে সার্ভিস চার্জ আদায় করতে হবে।
৭. সার্ভিস চার্জের অর্থ ব্যবহারের তথ্য মাসিক প্রতিবেদনে পৃথক ছকে প্রেরণ করতে হবে।
৮. সার্ভিস চার্জের অর্থ লক্ষ্যভূক্ত নতুন ও পুরাতন উভয় প্রকার পরিবারে ঋণ প্রদান করা যাবে। এ ক্ষেত্রেও ঋণ প্রদানের জন্য মনোনীত পরিবারকে অন্যান্য সামাজিক কাজ কর্ম যথানিয়মে সম্পাদন করতে হবে।
৯. কোন কার্যক্রমভূক্ত গ্রামের সার্ভিস চার্জ এবং সার্ভিস চার্জ বিনিয়োগ হতে প্রাপ্ত সার্ভিস চার্জ উক্ত গ্রামের তহবিল হিসাবে গণ্য হবে এবং সার্ভিস চার্জ হতে অর্জিত ব্যাংক সুদ সংশ্লিষ্ট উপজেলার 'কেন্দ্রীয় ব্যাংক সুদ ব্যবহার' হিসাবে জমা হবে।
১০. এক গ্রামের সার্ভিস চার্জের অর্থ কোনক্রমেই অন্য কোন গ্রামে ব্যবহার/স্থানান্তর করা যাবে না।
১১. কার্যক্রম ও গ্রাম কমিটি বিলুপ্ত/নিষ্ক্রিয় হলে সার্ভিস চার্জ দ্বারা গঠিত গ্রাম তহবিলের সমুদয় অর্থ সমাজসেবা অধিদফতরের পল্লী সমাজসেবা কার্যক্রমের সম্পদ/অর্থ বলে পরিগণিত হবে।

### ৩.১০ ব্যাংক সুদ ব্যবহার

১. কার্যক্রমভূক্ত সকল গ্রামের (ব্যাংকে গচ্ছিত) ঘূর্ণায়মান তহবিল হতে অর্জিত ব্যাংক সুদ 'কেন্দ্রীয় ব্যাংক সুদ ব্যবহার, ..... উপজেলা' শীর্ষক সঞ্চয়ী হিসাবে স্থানান্তর করতে হবে এবং উক্ত হিসাবটি সংশ্লিষ্ট জেলার উপ-পরিচালক এবং উপজেলা সমাজসেবা কর্মকর্তার যৌথ স্বাক্ষরে পরিচালিত হবে।
২. প্রতি বৎসর জুলাই মাসে কার্যক্রমভূক্ত গ্রামের সংশ্লিষ্ট ব্যাংক হিসাব থেকে প্রাপ্ত নীট ব্যাংক সুদ 'কেন্দ্রীয় ব্যাংক সুদ ব্যবহার, ..... উপজেলা' হিসাবে স্থানান্তর করতঃ উহার সঠিক হিসাব ক্যাশ বহিতে লিপিবদ্ধ ও সংরক্ষণ করতে হবে।

৩. অর্জিত ব্যাংক সুদের ৫০% অর্থ সংশ্লিষ্ট উপজেলার ‘কেন্দ্রীয় ব্যাংক সুদ ব্যবহার’ হিসাব হতে উত্তোলনপূর্বক নীতিমালা অনুযায়ী পল্লী সমাজসেবা কার্যক্রম বাস্তবায়ন কমিটি (ইউপিআইসি) এর অনুমোদনক্রমে আর্থ-সামাজিক ক্ষীমে ঘূর্ণায়মান তহবিল হিসেবে বিনিয়োগ করা যাবে। ব্যাংক সুদের অর্থ ঘূর্ণায়মান তহবিল হিসেবে ব্যবহারের ক্ষেত্রে ক্ষীম সংক্রান্ত যাবতীয় রেকর্ড পত্রাদি (যেমন ক্ষীমের তালিকা, পুঁজি বিতরণ ও আদায় রেজিস্টার, পাশ বহি, ক্যাশ বহি, কিস্তি আদায় রশিদ বহি ইত্যাদি) পৃথক পৃথকভাবে সংরক্ষণ করতে হবে।
৪. ‘কেন্দ্রীয় ব্যাংক সুদ ব্যবহার, ..... উপজেলা’ শীর্ষক সঞ্চয়ী হিসাবের অবশিষ্ট ৫০% অর্থ নিম্নবর্ণিত ২ (দুই) টি খাতে ব্যবহার করা যাবে।
  - (ক) মাঠ পর্যায়ের কার্যক্রম নিবিড় তদারকি ও মনিটরিংসহ কর্মসূচী গতিশীল করার নিমিত্তে কর্মকর্তা/ কর্মচারীদের বাস্তব চাহিদা মোতাবেক মোটর সাইকেল ক্রয়ের জন্য এলপিআর এ গমনের পূর্বে পরিশোধ সাপেক্ষে সর্বোচ্চ ১,৫০,০০০/- (এক লক্ষ পঞ্চাশ হাজার) টাকা বার্ষিক ৫% সুদসহ সর্বাধিক ৭২ কিস্তিতে পরিশোধযোগ্য ঋণ প্রদান করা যাবে। এক্ষেত্রে উপজেলা পল্লী সমাজসেবা কার্যক্রম বাস্তবায়ন কমিটি (ইউপিআইসি) এর সুপারিশক্রমে সমাজসেবা অধিদফতরের পরিচালক (কার্যক্রম) এর অনুমোদন নিতে হবে। গৃহিত ঋণের কিস্তি ঋণ মঞ্জুরকারী কর্তৃপক্ষের শর্ত মোতাবেক সংশ্লিষ্ট উপজেলার ‘কেন্দ্রীয় ব্যাংক সুদ ব্যবহার’ হিসাব খাতে জমা করতে হবে এবং সেসাথে কিস্তি পরিশোধ রেজিস্টারে (সংশ্লিষ্ট জমা রশিদ সংক্রান্ত) তথ্যাদি সংশ্লিষ্ট উপজেলা সমাজসেবা কর্মকর্তার স্বাক্ষরে সংরক্ষণ করতে হবে।
  - (খ) মাঠ পর্যায়ে কর্মরত কর্মকর্তা ও কর্মচারী এবং ক্ষুদ্রঋণ কার্যক্রমে সুবিধাভোগীর সাফল্যজনক কর্মকান্ডে উৎসাহ প্রদানের জন্য শ্রেষ্ঠ পরিবার(ঋণ গ্রহিতা), কর্মদল, গ্রাম কমিটি, ইউনিয়ন সমাজকর্মী/কারিগরী প্রশিক্ষক, ফিল্ড সুপারভাইজারকে পুরস্কার ও সনদপত্র প্রদান করা যাবে।
৫. মোটর সাইকেল ক্রয়ের জন্য ঋণ গ্রহিতাগণ নির্ধারিত কিস্তির অর্থ প্রতি মাসের প্রথম সপ্তাহে সংশ্লিষ্ট হিসাব খাতে জমা প্রদান করবেন। ব্যাংকে জমার বিবরণ প্রতিমাসে সদর কার্যালয়ের কার্যক্রম শাখায় প্রেরণ করতে হবে।
৬. মোটর সাইকেল ক্রয়ের জন্য ঋণ গ্রহিতাগণ চুক্তি/শর্ত মোতাবেক কিস্তি পরিশোধে ব্যর্থ হলে সরকারী বিধি মোতাবেক তাদের বিরুদ্ধে আইনগত ব্যবস্থা গ্রহণ করা হবে।
৭. মোটর সাইকেল ক্রয়ের জন্য ঋণ গ্রহণকারী কর্মকর্তা/কর্মচারীকে ঋণ অনুমোদনকারী কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত ও উল্লিখিত ক্রমিক নং ৪ ও ৬ এ বর্ণিত শর্তাবলী মেনে অবশ্যই ঋণের অর্থ পরিশোধ করতে হবে।
৮. ব্যাংক সুদ ঘূর্ণায়মান তহবিল হিসেবে ব্যবহারের ক্ষেত্রে মাসিক প্রতিবেদনে পৃথক ছকে দেখাতে হবে।
৯. ব্যাংক সুদ ঘূর্ণায়মান তহবিল হিসেবে ব্যবহারের ফলে এ খাত থেকে প্রাপ্ত ব্যাংক সুদের অর্থ ‘কেন্দ্রীয় ব্যাংক সুদ ব্যবহার’ হিসাবে জমা করতে হবে।
১০. ঘূর্ণায়মান তহবিল ব্যবহারের অন্যান্য নিয়মাবলী ব্যাংক সুদ ব্যবহারের ক্ষেত্রেও প্রযোজ্য হবে।
১১. ‘কেন্দ্রীয় ব্যাংক সুদ ব্যবহার’ হিসাবটি জেলার দায়িত্বে নিয়োজিত উপ-পরিচালক ও উপজেলা সমাজসেবা কর্মকর্তার যৌথ স্বাক্ষরে পরিচালিত হবে। প্রতি বছর জুলাই মাসে ‘কেন্দ্রীয় ব্যাংক সুদ ব্যবহার’ হিসাবে জমার স্থিতিপত্র সদর দফতরে পাঠাতে হবে।

### ৩.১১ শ্রেষ্ঠ কর্মকর্তা, কর্মী, পরিবার, কর্মদল, গ্রাম কমিটিকে পুরস্কার প্রদান

উপজেলা পল্লী সমাজসেবা কার্যক্রম বাস্তবায়ন কমিটির মাধ্যমে উপজেলাধীন পল্লী সমাজসেবা কার্যক্রম বাস্তবায়নের বিষয় মূল্যায়ন পূর্বক প্রতি উপজেলা হতে একজন শ্রেষ্ঠ কর্মী (ফিল্ড সুপারভাইজার/ইউনিয়ন সমাজকর্মী/ কারিগরী প্রশিক্ষক), একটি শ্রেষ্ঠ পরিবার (ঋণ গ্রহিতা), একটি শ্রেষ্ঠ কর্মদল ও একটি শ্রেষ্ঠ গ্রাম কমিটি বাছাই পূর্বক নিম্নোক্তভাবে পুরস্কার প্রদানের ব্যবস্থা করা যাবে।

১. **শ্রেষ্ঠ কর্মী:** যে সকল ফিল্ড সুপারভাইজার, ইউনিয়ন সমাজকর্মী, কারিগরি প্রশিক্ষক মাঠ পর্যায়ে পল্লী সমাজসেবা কর্মসূচী সফলভাবে বাস্তবায়ন করেছেন, রেকর্ড-রিপোর্ট সঠিকভাবে সংরক্ষণ করেছেন এবং সরকারী উদ্যোগের পাশাপাশি সকল কর্মকান্ড পরিচালনা বাস্তবায়ন ও গ্রাম উন্নয়নে বলিষ্ঠ ভূমিকা পালন করেছেন বিশেষতঃ যে কর্মীর আওতাধীন বা যে কর্মীর দায়িত্বাধীন প্রকল্প গ্রামে ঘূর্ণায়মান তহবিল আদায়ের হার ১০০%।’ প্রতি উপজেলায় এমন ১ (এক) জন কর্মীকে উৎসাহিত ও অনুপ্রাণিত করার লক্ষ্যে উপজেলা পল্লী সমাজসেবা কার্যক্রম বাস্তবায়ন কমিটির সুপারিশ এবং সংশ্লিষ্ট উপ-পরিচালকের অনুমোদনক্রমে পুরস্কার এবং সার্টিফিকেট প্রদানের ব্যবস্থা করতে হবে। এ ক্ষেত্রে অর্জিত ব্যাংক সুদের কেন্দ্রিয় হিসাবখাত থেকে সর্বোচ্চ ২,০০০/- (দুই হাজার) টাকার পুরস্কার এবং সংশ্লিষ্ট উপজেলা নির্বাহী অফিসার ও উপজেলা সমাজসেবা কর্মকর্তার যৌথ স্বাক্ষরে সার্টিফিকেট প্রদান করা যাবে।
২. **শ্রেষ্ঠ পরিবার (ঋণ গ্রহীতা):** ‘যে পরিবার বা ঋণ গ্রহীতা চুক্তিপত্রের সময় সীমার মধ্যে ঋণের কিস্তির অর্থ পরিশোধ করবেন এবং নিয়মিত মাসিক সঞ্চয়করাসহ পরিবারের জন্য নির্ধারিত কার্যাবলী সঠিকভাবে প্রতিপালন করবেন।’ প্রতি উপজেলায় এমন শ্রেষ্ঠ পরিবার/ঋণ গ্রহীতাকে অর্জিত ব্যাংক সুদের কেন্দ্রিয় হিসাবখাত থেকে সর্বোচ্চ ১,০০০/- (এক হাজার) টাকার পুরস্কার এবং সংশ্লিষ্ট উপজেলা নির্বাহী অফিসার ও উপজেলা সমাজসেবা কর্মকর্তার যৌথ স্বাক্ষরে সার্টিফিকেট প্রদান করা যাবে।
৩. **শ্রেষ্ঠ কর্মদল:** ‘যে কর্মদলের সদস্যগণ নিয়মিত সঞ্চয় জমা প্রদান করেন, পরিবার ভিত্তিক কার্যাবলী সঠিকভাবে পালন করেছেন এবং কর্মদলের সদস্যদের কিস্তি পরিশোধের হার ১০০% এবং নিয়মিত কর্মদলের সভা অনুষ্ঠান হবে।’ প্রতি উপজেলায় এমন শ্রেষ্ঠ কর্মদলকে অর্জিত ব্যাংক সুদের কেন্দ্রিয় হিসাবখাত থেকে সর্বোচ্চ ১,০০০/- (এক হাজার) টাকার পুরস্কার এবং সংশ্লিষ্ট উপজেলা নির্বাহী অফিসার ও উপজেলা সমাজসেবা কর্মকর্তার যৌথ স্বাক্ষরে সার্টিফিকেট প্রদান করা যাবে।
৪. **শ্রেষ্ঠ গ্রাম কমিটি:** ‘যে গ্রাম কমিটির সদস্যগণের কিস্তি পরিশোধের হার ১০০%, নিয়মিত সঞ্চয় প্রদান, পরিবার ভিত্তিক কাজ যথাযথভাবে প্রতিপালন এবং নিয়মিত গ্রাম কমিটির সভা অনুষ্ঠান করেন।’ প্রতি উপজেলায় এমন একটি শ্রেষ্ঠ গ্রাম কমিটিকে অর্জিত ব্যাংক সুদের কেন্দ্রিয় হিসাবখাত থেকে একটি ক্রেস্টসহ সর্বোচ্চ ২,০০০/- (দুই হাজার) টাকার পুরস্কার এবং সংশ্লিষ্ট উপজেলা নির্বাহী অফিসার ও উপজেলা সমাজসেবা কর্মকর্তার যৌথ স্বাক্ষরে সার্টিফিকেট প্রদান করা যাবে।

একটি নির্ধারিত দিনে আনুষ্ঠানিকভাবে এ পুরস্কার প্রদান করতে হবে। উক্ত অনুষ্ঠানে জেলার উপ-পরিচালক এবং উপজেলা নির্বাহী অফিসারসহ ইউপিআইসি এর অন্যান্য সদস্যগণ উপস্থিত থাকবেন। প্রতি বছর এ পুরস্কার প্রদানের ব্যবস্থা করতে হবে। অনুষ্ঠানের ব্যয় বাবদ সর্বোচ্চ ৫০০০/- (পাঁচ হাজার টাকা) কেন্দ্রিয় ব্যাংক সুদের হিসাব হতে উপজেলা পল্লী সমাজসেবা বাস্তবায়ন কমিটি (ইউপিআইসি) এর অনুমোদনক্রমে ব্যয় করা যাবে।

প্রত্যেক জেলায় শ্রেষ্ঠ উপজেলা সমাজসেবা কর্মকর্তা, প্রত্যেক বিভাগ হতে ১ জন শ্রেষ্ঠ উপ-পরিচালককে কার্যক্রম সফল ও সুষ্ঠু বাস্তবায়নে তাৎপর্যপূর্ণ অবদান রাখার জন্য সদর কার্যালয় কর্তৃক যথাযথ মূল্যায়নক্রমে সর্বোচ্চ ১০,০০০/- (দশ হাজার) টাকা নগদ অর্থ/ প্রাইজবন্ড ও সনদপত্র প্রদান করা যেতে পারে।

### ৩.১২ মূল তহবিল স্থানান্তর ও গ্রাম তহবিল গঠন

কার্যক্রমভূক্ত গ্রামের বিনিয়োগ ও পুনঃবিনিয়োগকৃত ঘূর্ণায়মান তহবিল হতে অর্জিত সার্ভিস চার্জের পরিমাণ উক্ত গ্রামে বিনিয়োগকৃত মূল তহবিলের সমপরিমাণ হলে এবং সংশ্লিষ্ট গ্রামের লক্ষ্যভূক্ত পরিবারকে কার্যক্রমভূক্ত করা সম্পন্ন হলে উপজেলা পল্লী সমাজসেবা কার্যক্রম বাস্তবায়ন কমিটির সিদ্ধান্তক্রমে মূল তহবিল অন্য গ্রামে ক্ষুদ্রঋণের ঘূর্ণায়মান তহবিল হিসেবে ব্যবহারের জন্য স্থানান্তর করা যাবে। এক্ষেত্রে অর্জিত সার্ভিস চার্জ উক্ত গ্রামের ক্ষুদ্রঋণের ঘূর্ণায়মান তহবিল হিসেবে গন্য হবে এবং পল্লী সমাজসেবা কার্যক্রম বাস্তবায়ন নীতিমালা অনুযায়ী ক্ষুদ্রঋণের ঘূর্ণায়মান তহবিল হিসেবে ব্যবহৃত হবে।

## ৪র্থ অধ্যায়

### সামাজিক কার্যক্রম (কর্মদল ও গ্রাম কমিটি কর্তৃক বাস্তবায়িত)

#### ৪.১ সামাজিক কার্যক্রম

এ কর্মসূচির অধীনে জলাবদ্ধ/স্বাস্থ্যসম্মত পায়খানা, বিশুদ্ধ পানির ব্যবহার, জ্বালানী সাশ্রয় চুলা ব্যবহার, সামাজিক বনায়ন ইত্যাদি কার্যক্রমের লক্ষ্যভুক্ত পরিবারকে উদ্বুদ্ধ করা হবে। এ ব্যাপারে সংশ্লিষ্ট সরকারী/বেসরকারী সংস্থার সহযোগিতায় উক্ত কার্যক্রম বাস্তবায়ন করা যেতে পারে।

#### ৪.২ দক্ষতা উন্নয়ন কর্মসূচি

উপজেলা সমাজসেবা কর্মকর্তা, ফিল্ড সুপারভাইজার, ইউনিয়ন সমাজকর্মী, কারিগরী প্রশিক্ষক এবং গ্রাম কমিটির সদস্যদের নিয়ে প্রতি বৎসর জুলাই মাসে উপজেলা পর্যায়ে ১ (এক) দিনব্যাপী দক্ষতা উন্নয়ন মূলক ১টি সতেজক প্রশিক্ষণ কর্মশালার আয়োজন করতে হবে। এ বিষয়ে অধিদফতর থেকে অর্থ বরাদ্দের ব্যবস্থা করতে হবে।

#### ৪.৩ কারিগরি প্রশিক্ষণ

প্রতিটি উপজেলায় কারিগরি প্রশিক্ষকের মাধ্যমে স্থানীয় চাহিদার ভিত্তিতে উপজেলা পল্লী সমাজসেবা কার্যক্রম বাস্তবায়ন কমিটির সিদ্ধান্ত মতে সর্বোচ্চ ৩টি কেন্দ্রে বৃত্তিমূলক প্রশিক্ষণের ব্যবস্থা করতে হবে। স্থানীয় চাহিদা মোতাবেক নির্ধারিত সিলেবাস অনুসরণপূর্বক প্রশিক্ষণ ৩-৬ মাস মেয়াদি হতে পারে এবং প্রশিক্ষণ শেষে প্রশিক্ষার্থীদের মধ্যে সনদপত্র প্রদান করা যেতে পারে। প্রশিক্ষণ সংক্রান্ত ব্যয়ের আলাদা হিসাব সংরক্ষণ করতে হবে। প্রশিক্ষণপ্রাপ্ত প্রশিক্ষার্থীদের সংশ্লিষ্ট গ্রামের ক্ষুদ্রঋণের ঘূর্ণায়মান তহবিল হতে ঋণ প্রদানের মাধ্যমে স্বকর্মসংস্থানের ব্যবস্থা করতে হবে।

#### ৪.৪ স্বাস্থ্য সম্মত পায়খানা স্থাপন

লক্ষ্যভুক্ত পরিবারের আর্থ-সামাজিক কার্যক্রমে ঋণ প্রদানের প্রথম পর্যায় হতে লক্ষ্যভুক্ত পরিবারের যাদের নিজ খরচে স্বাস্থ্য সম্মত পায়খানা স্থাপনের আর্থিক সংগতি নেই সে সকল পরিবারকে পায়খানা স্থাপন এবং ব্যবহারে উদ্বুদ্ধ করতে হবে। স্বাস্থ্যসম্মত পায়খানা স্থাপনের বিষয়ে উপজেলা সমাজসেবা কর্মকর্তা উপজেলা জনস্বাস্থ্য প্রকৌশলীর সহায়তা ও পরামর্শক্রমে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা যেতে পারে। এ ছাড়া স্থানীয় ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান ও সদস্যদের সহযোগিতায় জলাবদ্ধ পায়খানা স্থাপনের উদ্যোগ গ্রহণ করা যেতে পারে। এভাবে স্বল্পতম সময়ের মধ্যে কার্যক্রমভুক্ত গ্রামে প্রতিটি পরিবারে স্বাস্থ্যসম্মত পায়খানা ব্যবহার ১০০% নিশ্চিত করার ব্যবস্থা গ্রহণ করতে হবে।

#### ৪.৫ নলকূপ স্থাপন

বিশুদ্ধ ও আর্সেনিকমুক্ত নিরাপদ পানি পান ও ব্যবহার নিশ্চিত করার লক্ষ্যে উপজেলা পরিষদ ও উপজেলা পল্লী সমাজসেবা কার্যক্রম বাস্তবায়ন কমিটির সহযোগিতায় সর্বাধিক পাঁচটি পরিবারের জন্য একটি করে নলকূপ স্থাপনের ব্যাপারে কর্মদলের সদস্যদেরকে উদ্বুদ্ধ করতে হবে।

## ৪.৬ সামাজিক বনায়ন

লক্ষ্যভুক্ত প্রতিটি পরিবার/সদস্যদের নিজ নিজ বাড়ীর আঙ্গিনা, পতিত জমি এবং রাস্তার পাশে ফলজ এবং ঔষধি গাছ রোপণের জন্য উদ্বুদ্ধ করতে হবে। বন বিভাগের স্থানীয় নার্সারী হতে বিনামূল্যে গাছের চারা সংগ্রহ করা যেতে পারে। এলাকায় সরকারী পতিত জমি থাকলে সংশ্লিষ্ট বিভাগের সাথে যোগাযোগ করে অংশীদারিত্ব পদ্ধতিতে গাছ লাগানোর ব্যবস্থা করতে হবে।

## ৪.৭ খেলাধুলা ও চিত্তবিনোদন

প্রতি বৎসর ডিসেম্বর অথবা জানুয়ারী মাসে আন্তঃকর্মদল/গ্রাম কমিটিসমূহের মধ্যে প্রতিযোগিতামূলক খেলাধুলার আয়োজন করা যেতে পারে। কেরাম, দাবা লুডু ইত্যাদি খেলা স্থানীয় সমাজসেবা গণমিলনায়তনে আয়োজন করা যায়। উপজেলা পরিষদ, স্থানীয় স্বেচ্ছাসেবী সংগঠন এবং যুব ও ক্রীড়া সংগঠনকে এ বিষয়ে সম্পৃক্ত করা যেতে পারে।

## ৪.৮ পরিবার পরিকল্পনা সেবা/উদ্বুদ্ধকরণ

১. কার্যক্রমভুক্ত এলাকায় জরিপের মাধ্যমে চিহ্নিত সকল সক্ষম দম্পতির তালিকা তৈরী করতে হবে।
২. কর্মদলের সক্ষম দম্পতিদের দলীয় আলোচনার মাধ্যমে পরিবার পরিকল্পনার প্রয়োজনীয়তা ও বিভিন্ন পদ্ধতি সম্পর্কে জ্ঞান দান করতে হবে।
৩. বৎসরে কমপক্ষে একবার আলোচনা এবং পরিবার পরিকল্পনা বিষয়ে শিক্ষামূলক চলচ্চিত্র প্রদর্শনের ব্যবস্থা করা যেতে পারে। এ ব্যাপারে পরিবার পরিকল্পনা ও গণসংযোগ দপ্তরের সহযোগিতা নেয়া যেতে পারে।
৪. ২ সন্তানের দম্পতিকে ক্লিনিক্যাল/স্থায়ী পদ্ধতি গ্রহণে সহযোগিতা করার জন্য সরকারী/বেসরকারী ক্লিনিকে যাওয়ার জন্য উদ্বুদ্ধ করতে হবে।

## ৪.৯ পরিবার পরিকল্পনা সামগ্রী বিতরণ

পরিবার পরিকল্পনা পদ্ধতি গ্রহণের জন্য প্রয়োজনীয় সামগ্রী প্রাপ্তির বিষয়ে সমাজসেবা অধিদফতরের মাঠকর্মীগণ পরিবার পরিকল্পনা মাঠ কর্মীর সহিত যোগাযোগ রক্ষা করে কার্যক্রমভুক্ত গ্রামের সক্ষম দম্পতিদের সহায়তা প্রদান করবেন।

## ৪.১০ মা ও শিশু স্বাস্থ্য পরিচর্যা

লক্ষ্যভুক্ত পরিবারের সদস্যদের সুস্বাস্থ্য নিশ্চিত করার লক্ষ্যে প্রাথমিক স্বাস্থ্য পরিচর্যার আওতায় কর্মদলভুক্ত পরিবার সমূহের মহিলা, কর্মদলের মহিলা সদস্য বিশেষ করে সন্তান ধারণে সক্ষম মহিলা ও শিশুদের প্রাথমিক স্বাস্থ্য পরিচর্যা সম্পর্কিত বিষয়ে উদ্বুদ্ধ করনের ব্যবস্থা করা যেতে পারে।

## ৪.১১ শিশু ও মহিলাদের টিকাদান

কার্যক্রমভুক্ত গ্রামে সকল শিশু ও মহিলাকে রোগ প্রতিষেধক টিকা প্রদানে উৎসাহিত করতে হবে এবং লক্ষ্যভুক্ত পরিবারের শিশুদের ভিটামিন 'এ' ক্যাপসুল খাওয়ানোর প্রতি গুরুত্ব আরোপ করতে হবে।

## ৫ম অধ্যায়

# পল্লী সমাজসেবা কার্যক্রম বাস্তবায়নে মাঠ পর্যায়ে কর্মরত কর্মচারী এবং কর্মকর্তার দায়িত্ব ও কর্তব্য

### ৫.১ কারিগরি প্রশিক্ষকের দায়িত্ব ও কর্তব্য

১. প্রশিক্ষণ গ্রহণের প্রয়োজনীয়তা ব্যাখ্যাপূর্বক গ্রামের ভূমিহীন, বেকার এবং অদক্ষ লক্ষ্যভুক্ত জনগোষ্ঠিকে প্রশিক্ষণ গ্রহণে উদ্বুদ্ধ ও সংগঠিত করবেন এবং প্রশিক্ষণ প্রদানের মাধ্যমে দক্ষতা অর্জনে সহায়তা করবেন।
২. প্রশিক্ষণ কর্মসূচি সুষ্ঠুভাবে পরিচালনা করার জন্য প্রশিক্ষণ মডিউল তৈরী করবেন এবং তা কার্যকরী করার জন্য সক্রিয় উদ্যোগ ও ব্যবস্থা গ্রহণ করবেন।
৩. প্রশিক্ষণ প্রদান সংক্রান্ত সকল প্রকার নথিপত্র ও রেজিস্টার সংরক্ষণ করবেন।
৪. প্রশিক্ষণ সংক্রান্ত যে কোন সমস্যা ইউনিয়ন সমাজকর্মী ও ফিল্ড সুপারভাইজারের সাথে আলোচনার মাধ্যমে সমাধানে সচেষ্টা হবেন এবং গ্রাম জরিপ কাজে ইউনিয়ন সমাজকর্মী ও ফিল্ড সুপারভাইজারের সাথে দায়িত্ব পালন করবেন।
৫. উপজেলা সমাজসেবা কার্যালয়ে অনুষ্ঠিত মাসিক সমন্বয় সভাসহ অন্যান্য সভায় যোগদান করবেন।
৬. প্রশিক্ষণ সংক্রান্ত তথ্যাবলী ও মাসিক প্রতিবেদন ইউনিয়ন সমাজকর্মীর মাধ্যমে উপজেলা সমাজসেবা কর্মকর্তার নিকট দাখিল করবেন।
৭. কর্তৃপক্ষের নির্দেশ মোতাবেক কার্যক্রমভুক্ত গ্রামের ক্ষুদ্রঋণ গ্রহিতা নির্বাচন, ক্ষুদ্রঋণ বিতরণ ও আদায়ের দায়িত্ব পালনসহ উপজেলা পর্যায়ে সমাজসেবা অধিদফতর কর্তৃক পরিচালিত অন্যান্য কর্মসূচি বাস্তবায়নে তার উপর অর্পিত দায়িত্ব পালন করবেন।
৮. কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত অপরাপর সরকারী দায়িত্ব পালন করবেন।

### ৫.২ ইউনিয়ন সমাজকর্মীর দায়িত্ব ও কর্তব্য

১. কার্যক্রমভুক্ত গ্রামে সকল ধরনের জরিপ সুষ্ঠুভাবে সম্পাদন করবেন এবং সংগৃহীত জরিপের তথ্য অনুযায়ী সকল একক পরিবারকে 'ক', 'খ' ও 'গ' তিন শ্রেণীতে বিভক্ত করবেন। গ্রামভিত্তিক জরিপ রেজিস্টারে শ্রেণী ভিত্তিক তথ্য লিপিবদ্ধ করবেন। এরূপ একটি রেজিস্টার ইউনিয়ন সমাজকর্মী/কারিগরি প্রশিক্ষক এবং অপরটি উপজেলা সমাজসেবা কার্যালয়ে সংরক্ষণ করবেন।
২. লক্ষ্যভুক্ত পরিবারের উৎসাহী সদস্য সমন্বয়ে নীতিমালা অনুযায়ী প্রয়োজনীয় সংখ্যক কর্মদল গঠন করবেন এবং প্রতিটি কার্যক্রমভুক্ত গ্রামে একটি করে সমাজসেবা গ্রাম কমিটি গঠন করবেন।
৩. কর্মদল গঠনের পর হতে কমপক্ষে পর পর ৩ মাস কর্মদলের প্রতিটি সভায় উপস্থিত থেকে সভা পরিচালনার নিয়মকানুন শিক্ষা দান এবং বিষয় ভিত্তিক সভা পরিচালনা করবেন। প্রতি গ্রামে মাসে অন্ততঃ একটি কর্মদলের সভায় উপস্থিত থাকবেন।
৪. ইউনিয়ন সমাজকর্মী পদাধিকার বলে গ্রাম কমিটির সম্পাদক হিসাবে দায়িত্ব পালন করবেন। গ্রাম কমিটির সভাপতির সাথে আলোচনাক্রমে নিয়মিত মাসিক সভা/জরুরী সভা আহ্বান করবেন। সভার কার্যবিবরণী লিপিবদ্ধ, যাবতীয় রেকর্ডপত্র সংরক্ষণ করবেন এবং সহকারী সম্পাদককে প্রয়োজনে সম্পাদকের দায়িত্ব পালনে সক্ষম করে তোলার জন্য সকল শিক্ষণীয় বিষয়ে সহায়তা প্রদান করবেন। সভা অনুষ্ঠানের ৭ (সাত) দিনের মধ্যে সভার কার্যবিবরণী উপজেলা সমাজসেবা কার্যালয়ে প্রেরণ করবেন।
৫. বিভিন্ন কর্মসূচির জন্য পরিবার নির্বাচনে কর্মদল ও গ্রাম কমিটিকে সহযোগিতা প্রদান করবেন এবং কর্মদল ও গ্রাম কমিটির সুপারিশসমূহ নিজ মন্তব্যসহ উপজেলা সমাজসেবা কার্যালয়ে পেশ করবেন।

৬. ঘূর্ণায়মান তহবিলের প্রাপ্ত বরাদ্দ অনুযায়ী লক্ষ্যভুক্ত পরিবারসমূহ হতে স্কীম গ্রহীতাদের অগ্রাধিকার তালিকা প্রণয়নে কর্মদল ও গ্রাম কমিটিকে সহযোগিতা প্রদান করবেন এবং ঋণ গ্রহীতাদের সনাক্তকারীর দায়িত্ব পালন করবেন।
৭. প্রণীত স্কীমসমূহ কর্মদল ও গ্রাম কমিটি কর্তৃক অনুমোদনের পূর্বে স্কীমের যথার্থতা যাচাই, স্কীমে অর্থের যথাযথ ব্যবহার ও কিস্তি আদায় সম্পর্কে নিশ্চিত হবেন এবং সুপারিশসহ উপজেলা সমাজসেবা কর্মকর্তার নিকট দাখিল করবেন। সঠিক স্কীম প্রণয়ন, পুঁজি বিনিয়োগ এবং অর্থ আদায় বিঘ্নিত হলে এর দায়দায়িত্ব তাকেই বহন করতে হবে।
৮. উপজেলা পল্লী সমাজসেবা কার্যক্রম বাস্তবায়ন কমিটি কর্তৃক অনুমোদিত স্কীমের বিপরীতে পুঁজি বিতরণের জন্য নির্ধারিত তারিখে কর্মদল ও গ্রাম কমিটির সহযোগিতায় সমাজসেবা গণমিলনায়তনে অথবা গ্রামের সুবিধাজনক স্থানে পুঁজি বিতরণের ব্যবস্থা করবেন।
৯. ঘূর্ণায়মান তহবিলের অর্থ বিতরণের সময় খাত ভিত্তিক ঋণ বিতরণ রেজিস্টারে ঋণ গ্রহীতাদের স্বাক্ষর গ্রহণ করবেন।
১০. সার্ভিস চার্জ ও দলীয় সঞ্চয়ের অর্থ বিনিয়োগের ক্ষেত্রে যথানিয়মে স্কীম প্রণয়ন, অনুমোদন এবং পুঁজি বিনিয়োগের ব্যবস্থা করবেন। তবে স্কীম সংক্রান্ত যাবতীয় রেকর্ড পত্র সংরক্ষণ ও কিস্তি আদায়ের হিসাব পৃথক পৃথক ক্যাশ বইতে সংরক্ষণ করবেন।
১১. আর্থ-সামাজিক স্কীমে বিনিয়োগকৃত অর্থ সমাজসেবা অধিদফতরের নির্ধারিত রশিদের মাধ্যমে কার্যক্রমভূক্ত গ্রামের ঋণ গ্রহীতাদের নিকট হতে আদায় করবেন এবং রশিদ বহি শেষ হলে রশিদের মুড়িপত্র উপজেলা সমাজসেবা কার্যালয়ে জমা দিয়ে উক্ত গ্রামের নামে নতুন রশিদ বহি গ্রহণ করবেন।
১২. গ্রাম ভিত্তিক রশিদ বহির মাধ্যমে ঋণ আদায় করতে হবে। এক গ্রামের নামে ইস্যুকৃত রশিদ বহি অন্য গ্রামে ব্যবহার করা যাবে না।
১৩. আদায়কৃত অর্থ ২৪ ঘন্টার মধ্যে সংশ্লিষ্ট ব্যাংক হিসাবে জমা দিতে হবে। আদায়কৃত অর্থ কোন অবস্থাতেই অন্য কারো নিকট হস্তান্তর করা যাবে না।
১৪. ঋণ আদায় রেজিস্টারে আদায়কৃত অর্থের পরিমাণ, রশিদ নম্বর ও তারিখ লিপিবদ্ধসহ স্বাক্ষর করবেন।
১৫. নির্ধারিত তারিখে কোন ঋণগ্রহীতা কিস্তি প্রদান না করলে পর্যায়ক্রমে কর্মদল, গ্রামকমিটি, ফিল্ড সুপারভাইজার এবং উপজেলা সমাজসেবা কর্মকর্তার সঙ্গে আলোচনাক্রমে কিস্তি আদায়ের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন।
১৬. উপজেলা সমাজসেবা কার্যালয়ে অনুষ্ঠিত সাপ্তাহিক/পাঞ্চিক/মাসিক সভায় ঋণ আদায়ের রশিদ, ব্যাংক জমার রশিদ, ব্যাংকের পাশ বহি, ঋণ আদায় রেজিস্টার এবং কার্যক্রমের অগ্রগতির প্রতিবেদন উপস্থাপন করবেন।
১৭. গ্রাম কমিটির মাসিক সভায় এবং কমপক্ষে ১০ (দশ)টি কর্মদলের সভায় উপস্থিত থাকবেন ও কার্যক্রমের অগ্রগতি ও সমস্যা পর্যালোচনা পূর্বক প্রয়োজনীয় সহযোগিতা প্রদান করবেন।
১৮. ইউনিয়ন এবং গ্রামপর্যায়ে অন্যান্য সরকারী/বেসরকারী সংস্থা হতে সেবা গ্রহণের ক্ষেত্রে তিনি সমন্বয়কারীর ভূমিকা পালন করবেন।
১৯. বিনিয়োগকৃত অর্থ আদায় সম্পন্ন হলে আদায়কৃত অর্থ নীতিমালা মোতাবেক পুনঃবিনিয়োগের উদ্যোগ গ্রহণ করবেন।
২০. সুবিধাজনক স্থানে বিভিন্ন প্রশিক্ষণ ও ওরিয়েন্টেশন আয়োজনের ব্যবস্থা গ্রহণ করবেন। এ ব্যাপারে ফিল্ড সুপারভাইজার ও উপজেলা সমাজসেবা কর্মকর্তার সহযোগিতা নিবেন।
২১. কারিগরি প্রশিক্ষকের প্রশিক্ষণ এবং অন্যান্য কার্যক্রম তদারক ও প্রয়োজনীয় পরামর্শ প্রদান করবেন।
২২. মাসিক সঞ্চয় আদায় ও ব্যাংকে জমাদানের বিষয়টি নিশ্চিত করবেন।



